আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি
আর তোদের মধ্যে অনেক এমনও রয়েছে যারা একটি দীনার গচ্ছিত রাখলেও ফেরত দেবে না-যে পর্যন্ত না তুমি তার মাথার উপর দাঁড়াতে পারবে।
সূরা আল ইমরান ৭৫

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ মঙ্গলবার ॥ ১৫ সেপ্টেম্বর ২০২৬ ॥ ০৩ রবিঃ সানিঃ ১৪৪৮ ॥ ০২ আশ্বিন ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ১০১ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

নতুন আঙ্গীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট

এ্যাংকর সিমেন্ট
স্থায়ীত্বের মজবুত বন্ধন
সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১১৩২৭৭০৫

বিদ্যুৎ-গ্যাস নিয়ে ব্যবসায়ী ও গণমাধ্যমের সহযোগিতা চাইলেন প্রধানমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক
সরকারের বিদ্যুৎ ও জ্বালানি খাতের পরিকল্পনা বাস্তবায়নে ব্যবসায়ী ও গণমাধ্যমের সহযোগিতা চেয়েছেন প্রধানমন্ত্রী ২ এর পাতায় দেখুন

বিমা খাতে অনিয়ম-দুর্নীতি গভীরে, কঠিন ব্যবস্থা নেওয়া হবে: অর্থমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক
বিমা খাতে অনিয়ম, বিশৃঙ্খলা ও দুর্নীতি গভীরে শিকড় গেড়েছে বলে মন্তব্য করেছেন অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। ২ এর পাতায় দেখুন

জোট নয়, স্থানীয় নির্বাচনে এককভাবেই অংশ নেওয়ার ঘোষণা জামায়াতের

কীর্তনখোলা ডেস্ক
জাতীয় নির্বাচনে ও পরবর্তী বিভিন্ন কর্মসূচিতে জোটবদ্ধভাবে রাজনীতির মাঠে থাকলেও স্থানীয় নির্বাচনে এককভাবে ২ এর পাতায় দেখুন

আসিফের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ অনুসন্ধান কোনো রাজনৈতিক চাপে নয়: দুদক

কীর্তনখোলা ডেস্ক
অন্তর্বর্তী সরকারের সাবেক উপদেষ্টা ও এনসিপি নেতা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়ার বিরুদ্ধে দুর্নীতির অভিযোগের অনুসন্ধান ২ এর পাতায় দেখুন

ইউপি নির্বাচনের দিনক্ষণ চূড়ান্ত
প্রথম ধাপ ১২ নভেম্বর ভোট হবে ৭ ধাপে

কীর্তনখোলা ডেস্ক
সারাদেশের ৪ হাজার ৫৮০টি ইউনিয়ন পরিষদ (ইউপি) নির্বাচনের সম্ভাব্য দিনক্ষণ নির্ধারণ করেছে নির্বাচন কমিশন (ইসি)। প্রস্তাবিত সূচি অনুযায়ী, আগামী ১২ নভেম্বর প্রথম ধাপের ভোটগ্রহণের মাধ্যমে শুরু হবে স্থানীয় সরকারের বড় এই উৎসব। মোট ৭টি ধাপে দেশের সব ইউনিয়ন পরিষদে নির্বাচন সম্পন্ন করার প্রাথমিক সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সোমবার (১৪ সেপ্টেম্বর) কমিশন বৈঠক শেষে সাংবাদিকদের এসব তথ্যের সত্যতা নিশ্চিত করেছেন নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল (অব.) আবুল ফজল মো. সানাউল্লাহ। বৈঠক শেষে নির্বাচন কমিশনার আবুল ফজল মো. সানাউল্লাহ জানান, দেশের মোট ৪ হাজার ৫৮০টি ইউনিয়ন পরিষদে ৭টি ধাপে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। ঘোষিত প্রাথমিক তফসিল অনুযায়ী, আগামী ১২ নভেম্বর প্রথম ধাপের ভোটগ্রহণ হবে। দ্বিতীয় ধাপের ভোট নেওয়া হবে ১৩ ডিসেম্বর, তৃতীয় ধাপের ভোট অনুষ্ঠিত হবে ৩০ ডিসেম্বর। পরবর্তী ধাপগুলোর সময়সূচি উল্লেখ করে তিনি আরও বলেন, আগামী বছরের ১৭ জানুয়ারি চতুর্থ ধাপের ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। এরপর ৪ ফেব্রুয়ারি পঞ্চম ধাপ, ২২ এপ্রিল ষষ্ঠ ধাপ এবং সর্বশেষ ২৭ মে সপ্তম ও শেষ ধাপের ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। প্রথম ধাপের কর্মপরিকল্পনা সম্পর্কে এই নির্বাচন কমিশনার বলেন, প্রথম ধাপে দেশের ৮০টি উপজেলার ইউনিয়ন পরিষদ নির্বাচনে ভোটগ্রহণের মাধ্যমে স্থানীয় সরকার নির্বাচনের এই দীর্ঘ প্রক্রিয়া শুরু করা হতে পারে। এই সিদ্ধান্তগুলো কমিশন প্রাথমিকভাবে গ্রহণ করেছে। রাজনৈতিক দলগুলোর সঙ্গে আলোচনার বিষয়ে তিনি জানান, স্থানীয় সরকার নির্বাচন সুষ্ঠু ও সার্বজনীন করতে সব নিবন্ধিত রাজনৈতিক দলের সঙ্গে বিস্তারিত আলোচনা করবে নির্বাচন কমিশন। কমিশন বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী, পুরো কার্যক্রমের তৃতীয় ধাপে নিবন্ধিত দলগুলোর সঙ্গে এই ধারাবাহিক সংলাপে বসবে ইসি।

ডেঙ্গুতে প্রাণহানি দেড়শ ছাড়ালো, একদিনে সর্বোচ্চ হাসপাতালে ভর্তি

কীর্তনখোলা ডেস্ক
এডিস মশাবাহিত ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে দেশে মৃত্যুর সংখ্যা লাফিয়ে লাফিয়ে বাড়ছে। মারা গেছেন আরও আটজন, যা এ বছর একদিনে দ্বিতীয় সর্বোচ্চ। এ নিয়ে এবার মোট ১৫৭ জনের মৃত্যু হলো। এছাড়া হাসপাতালে ভর্তি হয়েছেন একদিনে সর্বোচ্চ এক হাজার ৭৩৩ জন। এ নিয়ে এবার মোট ভর্তি হলেন ৫৩ হাজার ৫৭০ জন। তাদের মধ্যে ছাড়পত্র পেয়েছেন ৪৯ হাজার ৩৭৫ জন। সোমবার (১৪ সেপ্টেম্বর) স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুমের ডেঙ্গু-সংক্রান্ত ড্যাশবোর্ড থেকে এ তথ্য জানা গেছে। স্বাস্থ্য অধিদপ্তর জানায়, নতুন মারা যাওয়া আটজনের মধ্যে ছয়জন নারী ও দুজন পুরুষ। তাদের মধ্যে দুজনের বয়স ছয় থেকে ১০ বছরের মধ্যে, একজনের বয়স ১৬ থেকে ২০ বছরের মধ্যে এবং বাকিরা প্রাপ্তবয়স্ক। মোট মারা যাওয়া ব্যক্তিদের তথ্য বিশ্লেষণ করে ২ এর পাতায় দেখুন

আবাসিক হোটেলে স্ত্রীকে জবাই করে হত্যা, প্রকৌশলীর যাবজ্জীবন

কীর্তনখোলা রিপোর্ট
বরিশালে স্বামীর পরকীয়া জেনে ফেলায় স্ত্রীকে আবাসিক হোটেলে নিয়ে গলা কেটে হত্যার ঘটনা ঘটেছে। এ ঘটনায় স্বামী এলজিইডির প্রকৌশলী জহিরুল ইসলামকে যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছেন বরিশাল দ্রুত বিচার ট্রাইব্যুনাল। একই মামলায় অপর আসামি হোটেল ম্যানেজারকে পাঁচ বছরের সশ্রম কারাদণ্ড প্রদান করা হয়েছে। হত্যাকাণ্ডের প্রায় ১৬ বছর পর সোমবার (১৪ সেপ্টেম্বর) দুপুরে বরিশাল জেলা ও দায়রা জজ আদালতের দ্রুত বিচার ট্রাইব্যুনালের বিচারক মোসতাক আহমেদ এই রায় দিয়েছেন। রায় ঘোষণার সময় দণ্ডপ্রাপ্ত উভয় আসামি আদালতে উপস্থিত ছিলেন। দ্রুত বিচার ট্রাইব্যুনালের সরকারি আইন কর্মকর্তা (পিপি) অ্যাডভোকেট মহাসিন মন্টু এসব তথ্য নিশ্চিত করেন। ২ এর পাতায় দেখুন

পিরোজপুর হাসপাতালে আকস্মিক পরিদর্শনে দুই প্রতিমন্ত্রী, খাবার নিয়ে ক্ষোভ

পিরোজপুর প্রতিনিধি
পিরোজপুর জেলা হাসপাতালের স্বাস্থ্যসেবা, রোগীদের চিকিৎসা এবং হাসপাতালের বিভিন্ন কার্যক্রম সরেজমিন পরিদর্শন করেছেন নৌপরিবহন প্রতিমন্ত্রী মো. রাজিব আহসান এবং গৃহায়ণ ও গণপূর্ত প্রতিমন্ত্রী আহমদ সোহেল মনজুর। রোববার রাতে দুই প্রতিমন্ত্রী হাসপাতালের ডেঙ্গু ওয়ার্ডসহ বিভিন্ন ওয়ার্ড পরিদর্শন করেন। তাঁরা রোগীদের জন্য নির্ধারিত খাবারের মান যাচাই এবং হাসপাতালের সার্বিক পরিস্থিতি পর্যবেক্ষণ করেন। পরিদর্শনকালে পিরোজপুর-৩ আসনের সংসদ সদস্য মো. রুহুল আমীন দুলাল, পিরোজপুরের জেলা প্রশাসক আবু সাঈদ এবং পিরোজপুরের সিভিল সার্জন মো. মতিউর রহমান উপস্থিত ছিলেন। হাসপাতালের বিভিন্ন ওয়ার্ড ঘুরে রোগীদের সঙ্গে কথা বলেন দুই প্রতিমন্ত্রী। রোগীরা যথাযথ চিকিৎসা ও প্রয়োজনীয় সেবা পাচ্ছেন কি না এবং চিকিৎসাসংক্রান্ত কোনো সমস্যা বা অসুবিধা রয়েছে কি না, সে বিষয়ে রোগী ও তাঁদের স্বজনদের কাছে জানতে চান তাঁরা। হাসপাতালের পরিষ্কার-পরিচ্ছন্নতা, চিকিৎসাসেবার পরিবেশ, রোগীদের সুযোগ-সুবিধা এবং সার্বিক ব্যবস্থাপনা সম্পর্কেও খোঁজখবর নেন দুই প্রতিমন্ত্রী। এ সময় রোগীদের যথাসময়ে প্রয়োজনীয় চিকিৎসা ও সেবা নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করেন তাঁরা। সিভিল সার্জন মো. মতিউর রহমান বলেন, দুই প্রতিমন্ত্রী সংশ্লিষ্ট কর্মকর্তাদের রোগীবান্ধব পরিবেশ নিশ্চিত, চিকিৎসাসেবার মানোন্নয়ন, হাসপাতালের পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখা এবং রোগীদের জন্য নির্ধারিত খাবারের গুণগত মান নিশ্চিত ২ এর পাতায় দেখুন

ভোলায় ১৬ লাখ টাকার গাঁজাসহ দুই ব্যক্তি আটক

ভোলা প্রতিনিধি
ভোলায় আইন-শৃঙ্খলা রক্ষা, মাদক ও চোরাচালান প্রতিরোধে কোস্ট গার্ডের বিশেষ অভিযানে ১৬ লাখ টাকা মূল্যের ৪০ কেজি গাঁজাসহ দুই মাদক কারবারিকে আটক করা হয়েছে। এরা হলেন, নোয়াখালীর মাইজদি উপজেলার মির্জা নগর ৮ নং ওয়ার্ডের বাসিন্দা মো. নুরনবী’র ছেলে মো. নুর ইসলাম (৩১) ও একই এলাকার বাসিন্দা মো. আব্দুল কুদ্দুসের ছেলে মো. রাসেল (১৯)। সোমবার দুপুর সোয়া ২ টায় গণমাধ্যমের কাছে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে কোস্ট গার্ড মিডিয়া কর্মকর্তা লে. কমান্ডার সাব্বির আলম সুজন এ তথ্য নিশ্চিত করেন। তিনি বলেন, বাংলাদেশ কোস্ট গার্ড তার দায়িত্বপূর্ণ এলাকার নিরাপত্তা, আইন-শৃঙ্খলা রক্ষা, মাদক ও চোরাচালান প্রতিরোধে নিয়মিত ২ এর পাতায় দেখুন

বরিশাল সার্কিট হাউসে বাংলাদেশের জাতীয় সংসদের স্পিকার মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদকে (বীর বিক্রম) আসলে তাকে গার্ড অফ অনার প্রদান করা হয় -কীর্তনখোলা

প্রধানমন্ত্রীকে সঠিক মর্যাদা দিয়ে আমন্ত্রণ করেনি ভারত: স্পিকার

কীর্তনখোলা রিপোর্ট
জাতীয় সংসদের স্পিকার মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদ বলেছেন, বাংলাদেশেকে ব্রিকস সম্মেলনে অংশগ্রহণ করার জন্য তেমন উৎসাহ ভারত থেকে দেখা যায়নি। প্রধানমন্ত্রী তারেক রহমানকে সঠিক মর্যাদা দিয়ে ভারত আমন্ত্রণ করেনি। সোমবার (১৪ সেপ্টেম্বর) সকালে ভোলা সার্কিট হাউজে জেলা প্রশাসক ও পুলিশ সুপারসহ সরকারি কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় শেষে সাংবাদিকদের এসব কথা বলেন ২ এর পাতায় দেখুন

ভারত থেকে আসা ইলিশ যশোরের বাজারে বিক্রি হচ্ছে ‘বরিশালের ইলিশ’ নামে

কীর্তনখোলা ডেস্ক
যশোরের বেনাপোল স্থলবন্দর দিয়ে ভারত থেকে আমদানি করা ইলিশ স্থানীয় বাজারে ‘বরিশালের ইলিশ’ নামে বিক্রি হচ্ছে। রোববার যশোরের ঐতিহ্যবাহী বড়বাজার ঘুরে দেখা গেছে, ইলিশের বাজার বেশ চড়া। বাজারে ৮০০ থেকে ৯০০ গ্রাম ওজনের ইলিশ মাছ বিক্রি হচ্ছে প্রতি কেজি ২ হাজার ২০০ থেকে ২ হাজার ৩০০ টাকায়। আর ৪০০ থেকে ৫০০ গ্রাম ওজনের ইলিশ বিক্রি হচ্ছে ১ হাজার ৫০০ থেকে ১ হাজার ৬০০ টাকা কেজি দরে। বাজারে কথা হয় কয়েকজন ক্রেতার সঙ্গে। তাদের অভিযোগ, বাজারে এখন যেসব ইলিশ পাওয়া যাচ্ছে, তার আকার, স্বাদ ও গন্ধ তুলনামূলকভাবে কম। এসব ইলিশ ভারত থেকে আসছে বলে তাঁদের ধারণা। তবে এগুলো ‘বরিশালের ইলিশ’ বলে বাজারে বিক্রি করেন বিক্রেতারা। শেখ আবদুল্লাহ হোসাইন নামের এক ক্রেতা বলেন, যশোরের বাজারে সব ২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপণ্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক
অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির
বাংলা ব্যাকরণ ও নির্মিতি
বইটি অনন্য
বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক
সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা
পথিক মোস্তফা (এমফিল, ইবি)
বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:
01718246162, 01712189338, 01712926836
গদ্য প্রকাশন, বরিশাল
বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিলা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি প্যারারোড, সদর রোড, বরিশাল 01711-264963	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ প্যারারোড, সদর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি বি.এম কলেজের সামনে 01726-074663	হক লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেট 01717-488083

ভূমি অফিসে নামজারির আবেদন পেন্ডিং থাকায় দুই কর্মকর্তাকে শোকজ

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল সদর উপজেলার বিএম ইউনিয়ন ভূমি অফিসে দীর্ঘদিন ধরে নামজারি ও হোল্ডিংয়ের আবেদন পেন্ডিং থাকায় দুই ভূমি কর্মকর্তাকে কারণ দর্শানোর নোটিশ দেওয়া হয়েছে। সোমবার (১৪ সেপ্টেম্বর) সকালে আকস্মিক পরিদর্শনে গিয়ে এসব আবেদন দীর্ঘদিন ধরে নিষ্পত্তি না হওয়ার বিষয়টি দেখতে পান বরিশালের অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) মো. ওবায়দুল্লাহ। পরিদর্শনকালে অফিসের নথিপত্র ও চলমান কার্যক্রম পর্যালোচনা করে দেখা যায়, ৩১টি নামজারি আবেদন ৩০ দিনেরও বেশি সময় ধরে পেন্ডিং রয়েছে। একই সঙ্গে ১১টি হোল্ডিং আবেদনেরও নিষ্পত্তি হয়নি। দীর্ঘদিন ধরে এসব আবেদন ঝুলে থাকায় সেবা নিতে আসা সাধারণ মানুষ ভোগান্তিতে পড়ছেন বলে প্রশাসনের পক্ষ থেকে উল্লেখ করা হয়েছে। এ ঘটনায় বিএম ইউনিয়ন ভূমি অফিসের ইউনিয়ন ভূমি উপসহকারী কর্মকর্তা শিপন ভাবুক এবং ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা মোহাম্মদ রফিকুল ইসলামকে কারণ দর্শানোর নির্দেশ দেওয়া হয়েছে। নোটিশে উল্লেখ করা হয়েছে, দীর্ঘসময় ধরে আবেদন নিষ্পত্তি না করা জনসাধারণের ভোগান্তির কারণ হচ্ছে। এতে সরকারের ২ এর পাতায় দেখুন

শ্বশুরবাড়ির নির্যাতনে জামাতার আত্মহত্যার অভিযোগে মামলা

পটুয়াখালী প্রতিনিধি
পটুয়াখালীর কলাপাড়ায় শ্বশুরবাড়ির লোকজনের মানসিক নির্যাতন ও প্ররোচণায় বেল্লাল নামের এক যুবকের বিষপানে আত্মহত্যার অভিযোগ উঠেছে। ঘটনার দীর্ঘ ৯ মাস পর নিহতের মা লাইজু বেগম কলাপাড়া জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে পুত্রবধূ ও বেয়াই-বেয়ানের বিরুদ্ধে মামলা দায়ের করেছেন। আদালতে মামলা মামলার বিবরণী থেকে জানা যায়, মায়ের ইচ্ছায় নিজের মামাতো বোনকে ভালোবেসে বিয়ে ২ এর পাতায় দেখুন

বিআরটিসি বাসের চাপায় শিশু নিহত

কুয়াকাটা প্রতিনিধি
পটুয়াখালীর কলাপাড়ায় নানা বাড়িতে বেড়াতে এসে সড়ক দুর্ঘটনায় মাহির হোসেন (৬) নামে এক স্কুলছাত্র নিহত হয়েছে। সোমবার (১৪ সেপ্টেম্বর) দুপুর সাড়ে ১২টার দিকে উপজেলার হাজীপুর এলাকায় মহাসড়কে এ দুর্ঘটনা ঘটে। নিহত মাহির উপজেলার দক্ষিণ মুসুল্লিয়াবাদ গ্রামের মহিউদ্দিন বিশ্বাসের ছেলে। সে দক্ষিণ মুসুল্লিয়াবাদ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্লে শ্রেণির শিক্ষার্থী। তার বাবা মহিউদ্দিন কুয়াকাটা পৌরসভা এলাকার বাসিন্দা এবং পেশায় ঝিনুক ব্যবসায়ী। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, দুই দিন আগে বাবা-মায়ের সঙ্গে মাহির উপজেলার হাজীপুর এলাকায় নানা ওহিদ শিকদারের বাড়িতে বেড়াতে আসে। সোমবার দুপুরে নানা ওহিদ শিকদারের সঙ্গে বরিশালে যাওয়ার উদ্দেশে গাড়ির ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।
–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

ডিজিটাল প্রতারণা

প্রযুক্তির উৎকর্ষের এই যুগে কৃত্রিম বুদ্ধিমত্তার (এআই) ব্যবহার বেড়েই চলছে। চাকরির ক্ষেত্র থেকে শুরু করে ব্যবসা-বাণিজ্য, এমনকি দৈনন্দিন অনেক কাজেই সহজ করে দিয়েছে এআই, একইভাবে সময়ও কমিয়ে দিয়েছে। সংগত কারণেই অনেকে এআইনির্ভর হয়ে পড়ছেন। অন্যদিকে একটি চক্র এই উন্নত প্রযুক্তিকেই বানিয়েছে প্রতারণার হাতিয়ার। বাংলাদেশসহ বিশ্বের নানা দেশে প্রতারকরা এআই ব্যবহার করে সাধারণ মানুষকে ফাঁদে ফেলছে। প্রকাশিত খবরে জানা গেছে, কক্সবাজারে অন্তত ৩০০ সদস্যের চীনা প্রতারকচক্র বড় ধরনের ফাঁদ পেতেছিল। তাদের টার্গেটে ছিলেন চীন, দক্ষিণ কোরিয়া ও ভিয়েতনামের পুঁজিবাজারের ক্ষুদ্র বিনিয়োগকারীরা। শুধু তা-ই নয়, চক্রটির নজর বাংলাদেশের পুঁজিবাজারের দিকেও ছিল। স্বস্তির কথা হলো, পুলিশের চৌকস ভূমিকায় ওই চক্রের পরিকল্পনা ফাঁস হয়ে যায়। এরই মধ্যে কক্সবাজারে ওই চক্রের বিরুদ্ধে মামলাও করা হয়েছে। খবরে বলা হয়েছে, চীনা চক্রটি কক্সবাজারে হোটেল ভাড়া করে প্রতারণার জাল ছড়িয়েছিল। কক্সবাজারের রিসোর্টে চক্রটি ডিজিটাল আধুনিক ল্যাব স্থাপন করেছিল। তারা সামাজিক মাধ্যমে নানাভাবে আস্থা তৈরির কাজ করছিল। চক্রের পক্ষ থেকে বলা হতো, বিনিয়োগ করলে বিপুল মুনাফা পাওয়া যাবে। তাদের কথায় আস্থা রেখে বিনিয়োগ করলে একসময় সর্বস্ব নিঃশেষ হয়ে যেত। জানা গেছে, শুধু কক্সবাজার নয়, দেশের বিভিন্ন স্থানে ছড়িয়ে আছে চক্রটির নেটওয়ার্ক। পুলিশের তথ্য অনুযায়ী, এই প্রতারকচক্রের সঙ্গে সরাসরি জড়িত ৯৪ জন চীনা নাগরিকের সন্ধান পাওয়া গেছে। এ ছাড়া কক্সবাজার পুলিশ চক্রটির আরো অন্তত ২৯৫ জন চীনা নাগরিকের পাসপোর্ট নম্বর সংগ্রহ করেছে। একটি রিসোর্টে আন্তর্জাতিক ডিজিটাল প্রতারকচক্রের ঘাঁটির সন্ধান পেয়ে পুলিশ সদস্যরা সেখানে অভিযান চালিয়ে অন্তত পাঁচ সদস্যকে গ্রেপ্তার করতে সক্ষম হন। বিশেষজ্ঞরা বলছেন, প্রযুক্তি আমাদের যেমন সুবিধা দিচ্ছে, অন্য দিক বিবেচনায় নিলে ডিজিটাল দুনিয়ায় নিরাপত্তা নিয়েও উদ্বেগ তৈরি হচ্ছে। অনেকের একটি বড় সময় কাটে সামাজিক মাধ্যমে। আর প্রতারকরা সেখানেই ওত পেতে থাকে। মানুষের ব্যক্তিগত তথ্য হাতিয়ে নিয়ে জিম্মি করার ঘটনা হামেশাই ঘটছে। কিছুদিন আগে কালের কণ্ঠে প্রকাশিত খবরে বলা হয়েছে, অ্যাপসের মাধ্যমে ঋণ দেওয়ার প্রলোভন দেখিয়েও অনেকের সঙ্গে প্রতারণা করা হচ্ছে। এ ছাড়া সাম্প্রতিক সময়ে অনলাইনে জুয়া ব্যাপক মাত্রায় ছড়িয়ে পড়েছে। সাইবার অপরাধীদের একটি বড় অংশ অনলাইন প্রতারণায় সক্রিয়। জানা গেছে, জুয়ার ওয়েবসাইটগুলোর 'এমএফএস' অ্যাকাউন্টের মাধ্যমে প্রতিদিন হাজার কোটি টাকার বেশি লেনদেন হয়। এর বেশির ভাগ অর্থ আন্তর্জাতিক চক্রের মাধ্যমে বিদেশে পাচার হয়ে যায়। এটি ঠিক যে আমাদের দেশের মানুষের মধ্যে ডিজিটাল নিরাপত্তা নিয়ে সচেতনতা কম। পাসওয়ার্ড, পিন কোডের মতো সাধারণ বিষয়েও সুরক্ষাজ্ঞান অনেকের নেই। এই সুযোগও নিয়ে থাকে প্রতারকচক্র। কাজেই ডিজিটাল প্রতারণা রোধে আইনের পাশাপাশি সাধারণ মানুষকেও সচেতন হতে হবে। আমরা মনে করি, কক্সবাজারে যে চীনা চক্রের সন্ধান পাওয়া গেছে, তাদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নিতে হবে। এই চক্রের সঙ্গে কে বা কারা জড়িত, সেসবের আদ্যোপান্ত বের করতে হবে। একই সঙ্গে দেশে ডিজিটাল প্রতারকদের চিহ্নিত করতে প্রযুক্তির সহায়তা নিয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। এ জন্য পুলিশের সক্ষমতা আরো বাড়ানো প্রয়োজন।

প্রধানমন্ত্রীকে সঠিক মর্যাদা দিয়ে

তিনি। তিনি বলেন, ভারত পতিত সরকারের প্রধানমন্ত্রীকে তাদের দেশে আশ্রয় দিয়েছে। সেখানে বসে তাকে রাজনীতি করার সুযোগ দিয়েছে। যেটা কাম্য নয়। ভারতের সঙ্গে আমাদের সুসম্পর্ক রাখা দরকার। কিন্তু ভারত যে সুসম্পর্ক চায়, সেটা দেখা যাচ্ছে না। কেবল মাত্র দুই দেশের কূটনৈতিক কথা বার্তা হচ্ছে। আমরা আশা করবো ভারত ও বাংলাদেশের মধ্যে ভালো প্রতিবেশীসুলভ সম্পর্ক থাকবে। তিনি আরও বলেন, একটি অভ্যুত্থানের মধ্য দিয়ে স্বৈরাচার সরকার বিদায় নিয়েছে। প্রায় দুই বছর অন্তবর্তীকালীন সরকার ছিল। এ বছর ফেব্রুয়ারিতে ইতিহাসের সুষ্ঠু নির্বাচনের মাধ্যমে দেশের মানুষ বিএনপিকে সরকার গঠনের দায়িত্ব দিয়েছে। সরকারের বয়স মাত্র সাত মাস। তিনি বলেন, ১৭ বছর আওয়ামী লীগ সরকারের দুশাসনের ফলে দেশের প্রতিটি স্তরে ও সকল ক্ষেত্র ধস নেমেছে। তারা হত্যা, খুন, গুম, টাকা পাচার, দুর্নীতিতে রেকর্ড করেছে। দেশকে ধ্বংসের দ্বারপ্রান্তে নিয়ে গেছে। এই পরিস্থিতি থেকে দেশের উন্নয়ন করতে সময় লাগবে। স্পিকার আরও বলেন, বর্তমানে দেশের জনগণ বাকস্বাধীনতা ফিরে পেয়েছে। আওয়ামী লীগ আমলে সত্যি কথা বলা সম্ভব ছিল না। সত্যি কথা বলার কারণে অনেককে ক্রসফায়ারে জীবন দিতে হয়েছে। বহু মানুষ গুম হয়েছে। বিএনপির সাবেক সংসদ সদস্য ইলিয়াস আলী ও পারভেজও সত্যি কথা বলার কারণে তাদেরকে হত্যা করা হয়েছে নির্মমভাবে। এসময় ভোলা জেলা প্রশাসক ডা. শামীম রহমান, পুলিশ সুপার শহীদুল্লাহ কাওছার, জেলা বিএনপির আহ্বায়ক গোলাম নবী আলমগীর, সদস্য সচিব রাইসুল আলমসহ প্রমুখ উপস্থিত ছিলেন।

ভারত থেকে আসা ইলিশ

ইলিশই বিক্রি হচ্ছে 'বরিশালের ইলিশ' নামে। সেটা হোক ভারত থেকে আসা কিংবা সাগর থেকে ধরা। নদীর ইলিশের দাম বেশি, সুস্বাদুও। এ জন্য ইলিশের ব্যবসায়ীরা বরিশালের নদীর ইলিশ বলে বিক্রি করেন। আলমগীর হোসেন নামে এক ইলিশ ব্যবসায়ী বললেন, কিছুদিন আগে ভারত থেকে যেসব ইলিশ এসেছে, সেগুলোর চেহারা ও বৈশিষ্ট্যে তফাত আছে। মাছগুলোর পেট বেশ মোটা এবং ডিমে ভরা। দেশি ইলিশের যে স্বাভাবিক স্বাদ ও সুগন্ধ থাকে, এতে তা পাওয়া যায় না। তবে স্থানীয় বাজারে ভারত থেকে আসা ইলিশ 'বরিশালের ইলিশ' নামে বিক্রির অভিযোগ উঠলেও বড়বাজারের ব্যবসায়ী জাহাঙ্গীর শেখ তা মানতে নারাজ। যশোর জেলা মৎস্য বিভাগ সূত্রে জানা গেছে, চলতি ২০২৬-২৭ অর্থবছরের জুলাই ও আগস্ট–এই দুই মাসে মোট ৩ লাখ ৫২ হাজার ৪৮৪ কেজি ইলিশ ভারত থেকে বাংলাদেশে আমদানি করা হয়েছে। যার মোট আমদানি মূল্য বাংলাদেশি মুদ্রায় প্রায় ৬ কোটি ৯২ লাখ ৯৪ হাজার ৫১০ টাকা। ১৯টি আমদানিকারক প্রতিষ্ঠান এই ইলিশ আমদানির সঙ্গে যুক্ত। ভারত থেকে ইলিশ আমদানির বিষয়ে যশোর জেলা মৎস্য কর্মকর্তা মনিরুল মামুন বলেন, 'ঠিক কী কারণে ভারতীয় ইলিশ বাংলাদেশে আমদানি করা হচ্ছে, তা এই মুহূর্তে নির্দিষ্ট করে বলা সম্ভব হচ্ছে না।' তবে নাম প্রকাশ না করার শর্তে মৎস্য বিভাগের এক কর্মকর্তা বলেছেন, 'ভারত থেকে যে ইলিশ বাংলাদেশের রপ্তানি করা হচ্ছে, তা প্রকৃত অর্থে ভারতের সমুদ্রের কি না, তা খতিয়ে দেখা দরকার। ভারতের ব্যবসায়ীরা অন্য কোনো দেশ থেকে আমদানি করে সেগুলো বাংলাদেশে রপ্তানি করছে কি না, সেটাও পরিষ্কার না।'

ডেঙ্গুতে প্রাণহানি দেড়শ

দেখা গেছে, ১৫৭ জনের মধ্যে নারী ৫২ দশমিক ৬ শতাংশ এবং পুরুষ ৪৭ দশমিক ৪ শতাংশ। মাসের হিসাব অনুযায়ী, জানুয়ারি ও ফেব্রুয়ারিতে দুজন করে, মার্চ ও এপ্রিলে শূন্য, মে মাসে এক ও জুনে ১৩ জন প্রাণ হারান। এরপর পরিস্থিতির অবনতি হতে থাকে। জুলাইয়ে ৩৬ এবং আগস্টে ৪৩ জন মারা যান। সেই তুলনায় চলতি মাসে অবস্থার গুরুতর অবনতি হয়েছে। সেপ্টেম্বরে এখন পর্যন্ত প্রাণহানি হয়েছে ৬০ জনের। এর মধ্যে একদিনে সর্বোচ্চ ৯ জন মারা যান ৮ সেপ্টেম্বর। ঢাকা বিভাগের ক্ষেত্রে দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) আওতাধীন হাসপাতালে ৫১, উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) আওতাধীন হাসপাতালে ১৯ ও সিটি করপোরেশনের বাইরে নয়জন প্রাণ হারিয়েছেন। সেই সঙ্গে খুলনায় ২৭, ময়মনসিংহে ১৬, বরিশালে ১২, চট্টগ্রামে ১৫, রাজশাহীতে ছয় এবং রংপুর ও সিলেটে একজন করে মারা গেছেন। রোগীর মাসভিত্তিক হিসাব মতে, গত আগস্টে ২০ হাজার ৫৩৬ জন ডেঙ্গু নিয়ে হাসপাতালে ভর্তি হন। সেপ্টেম্বরে এখন পর্যন্ত এই সংখ্যা ১৫ হাজার ৯৯১ জন। এর মধ্যে সোমবারের আগ পর্যন্ত একদিনে সর্বোচ্চ এক হাজার ৫৭১ জন ভর্তি হয়েছিলেন ৮ সেপ্টেম্বর। এর আগে জানুয়ারিতে এক হাজার ৮১, ফেব্রুয়ারিতে ৪০৯, মার্চে ৩৫৩, এপ্রিলে ৬৪০, মে মাসে ৭১৪ ও জুনে দুই হাজার ৯০৭ জন হাসপাতালে আসেন।

আসিফের বিরুদ্ধে দুর্নীতির

কোনো রাজনৈতিক চাপ বা প্রভাবে করা হচ্ছে না বলে জানিয়েছেন দুর্নীতি দমন কমিশনের (দুদক) সচিব মো. সাইদুর রহমান খান। দুদক স্বাধীন ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হিসেবে আইনানুগভাবে কার্যক্রম পরিচালনা করছে বলেও জানান তিনি। সোমবার (১৪ সেপ্টেম্বর) সাংবাদিকদের প্রশ্নের জবাবে দুদক সচিব আরও বলেন, দুদক একটি স্বায়ত্তশাসিত স্বাধীন প্রতিষ্ঠান। আমরা কারও দ্বারা প্রভাবিত হয়ে বা উদ্দেশ্যপ্রণোদিতভাবে কোনো মামলা পরিচালনা করছি না। আমরা ন্যায়নিষ্ঠার সঙ্গে আইনানুগভাবে আমাদের কার্যক্রম পরিচালনা করছি। এর আগে দুদক সচিব সাবেক স্বাস্থ্যমন্ত্রী অধ্যাপক ডা. আ ফ ম রুহুল হক ও তার ছেলে জিয়াউল হকের বিরুদ্ধে পৃথক দুটি মামলা এবং প্রায় ১৪ কোটি টাকার জ্ঞাত আয়বহির্ভূত সম্পদ অর্জনের অভিযোগে মামলা এবং চট্টগ্রাম সিটি করপোরেশনের (চসিক) সাবেক মেয়র আ জ ম নাসির উদ্দিনের নামে মামলার বিষয়ে সাংবাদিকদের ব্রিফ করেন। আসিফ মাহমুদের বিরুদ্ধে কীসের ভিত্তিতে এবং কী যাচাই-বাছাই করে অনুসন্ধান করা হচ্ছে, এটি রাজনৈতিক চাপের কারণে কি না-সাংবাদিকের এমন প্রশ্নের জবাবে সাইদুর রহমান খান বলেন, আমরা আজকের বিষয়ের মধ্যে সীমাবদ্ধ থাকি, আর না যাই। দুদক সচিব বলেন, আপনারা নিশ্চয়ই জানেন, আমাদের কমিশন পাঁচ মাস ছিল না। অনেকগুলো বিষয় আমাদের পেন্ডিং রয়েছে। এগুলো নিয়ে কাজ করছি। পাইপলাইনে আরও আছে। আপনারা দেখবেন, সময়মতো সবগুলো আপনাদের সামনে উপস্থাপিত হবে। আসিফের বিরুদ্ধে অনুসন্ধান কোনো টার্গেট করে করা হচ্ছে কি না-এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, আমরা এরকম কোনো টার্গেট করে করছি না। যেহেতু পেন্ডিং ছিল, পেন্ডিং লিস্ট অনুযায়ী আমরা এগুলো উপস্থাপন করছি। তিনি বলেন, সামনে আপনারা লক্ষ্য করবেন যে, আমরা কোনো পক্ষপাতিত্ব করে এরকম কাজ পরিচালনা করছি না। অন্তর্বর্তী সরকারের অন্য উপদেষ্টাদের বিরুদ্ধেও অভিযোগ থাকলে দুদক সেগুলো দেখছে কি না, জানতে চাইলে সচিব বলেন, এই মুহূর্তে আমি বলতে পারছি না। যদি অভিযোগ এসে থাকে, নিশ্চয়ই আইনের আওতায় তিনিও আসবেন। দুদক সচিব আরও বলেন, অন্যান্য উপদেষ্টা, যাদের বিরুদ্ধে অভিযোগ আসছে বা যাদের বিরুদ্ধে অভিযোগ আছে, আমরা সেগুলো আইনানুগভাবে দেখছি।

জোট নয়, স্থানীয় নির্বাচনে

অংশ নেবে বাংলাদেশ জামায়াতে ইসলামী। ইউনিয়ন পরিষদ, উপজেলা, পৌরসভা ও সিটি করপোরেশন নির্বাচনে দলীয় প্রার্থীদের নিয়ে এককভাবে প্রতিদ্বন্দ্বিতা করার সিদ্ধান্ত নিয়েছে দলটি। সোমবার (১৪ সেপ্টেম্বর) বিকেলে রাজধানীর ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স মিলনায়তনে আয়োজিত সীরাতুন্নবী (সা.) কনফারেন্স শেষে সাংবাদিকদের এ তথ্য জানান জামায়াতের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার। তিনি বলেন, জামায়াতে ইসলামী একটি নির্বাচনমুখী দল হিসেবে স্থানীয় সরকার নির্বাচনের জন্য সাংগঠনিকভাবে প্রস্তুতি নিয়েছে। ইতোমধ্যে মাঠপর্যায়ে ইউনিয়ন পরিষদ, উপজেলা, পৌরসভা ও সিটি করপোরেশনে প্রার্থী মনোনয়নের প্রক্রিয়া চূড়ান্ত পর্যায়ে রয়েছে। অনেক এলাকায় অভ্যন্তরীণভাবে প্রার্থীও ঘোষণা করা হয়েছে। ঢাকার দুই সিটি করপোরেশন নির্বাচনেও জামায়াত এককভাবে অংশ নেবে বলে জানান মিয়া গোলাম পরওয়ার। তিনি বলেন, দুই সিটিতেই দল সাংগঠনিকভাবে প্রার্থী মনোনীত করেছে। সময়মতো আনুষ্ঠানিকভাবে প্রার্থীদের নাম ঘোষণা করা হবে। এরই মধ্যে ঢাকা উত্তর সিটি করপোরেশনের জন্য সেলিম উদ্দিন এবং ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের জন্য সাদিক কায়েমের নাম গণমাধ্যমে এসেছে। স্থানীয় নির্বাচনে জোটগতভাবে অংশ নেওয়া হবে কি না–এমন প্রশ্নের জবাবে জামায়াতের সেক্রেটারি জেনারেল বলেন, 'আমরা মিডিয়া আগেই বলেছি যে ১১ দলীয় ঐক্য জাতীয় নির্বাচনকেন্দ্রিক গড়ে উঠেছিল। সেটা নির্বাচনের পরে ধরে রেখে আমরা আন্দোলনের কর্মসূচি কিন্তু ১১ দলভাবে দিয়ে যাচ্ছি।' মিয়া গোলাম পরওয়ার স্পষ্ট করে বলেন, 'কিন্তু আমাদের শীর্ষ নেতাদের মধ্যে এটা আন্ডারস্ট্যান্ডিং হয়েছে, স্থানীয় নির্বাচনে প্রত্যেক দল নিজস্ব প্রার্থী দিয়ে নির্বাচন করবে। এখানে স্থানীয় নির্বাচনে জোটগত কোন প্রার্থী হবে না।

বিমা খাতে অনিয়ম-দুর্নীতি

তিনি বলেছেন, বিমা খাতকে নিয়ন্ত্রণে আনতে কঠিন পদক্ষেপ নিতে হবে। গ্রাহকের আস্থা ফেরাতে বিমা কোম্পানিগুলোকে নির্দিষ্ট সময়ের মধ্যে বিমা দাবি পরিশোধ করতে হবে। প্রয়োজন হলে গ্রাহকের পাওনা পরিশোধে কোম্পানির সম্পদ বিক্রি করতে হবে। সোমবার (১৪ সেপ্টেম্বর) রাজধানীতে বিমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের (আইডিআরএ) কার্যালয় পরিদর্শন শেষে সাংবাদিকদের এসব কথা বলেন অর্থমন্ত্রী। আমির খসরু মাহমুদ চৌধুরী বলেন, গ্রাহক নিজের কষ্টার্জিত অর্থ দিয়ে ভবিষ্যতের নিরাপত্তার জন্য বিমা করেন। অথচ অনেক বিমা কোম্পানি গ্রাহকের দাবি পরিশোধ করছে না। বর্তমানে প্রায় ৫৭ শতাংশ বিমা দাবি পরিশোধ করা হয়নি। অর্থাৎ, ১০০টি দাবির মধ্যে ৫৭টিই অনিষ্পন্ন রয়েছে। এটি কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। তিনি বলেন, বিমা কোম্পানিগুলোকে দাবি পরিশোধের জন্য সময়সীমা দেওয়া হচ্ছে। যারা দাবি পরিশোধ করছে, তারা ভালো করছে। যারা করছে না, তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। অনেক কোম্পানি গ্রাহকের পাওনা পরিশোধ না করে জমি ও অন্যান্য সম্পদ কিনেছে। তাদের যদি নগদ অর্থের সংকট থাকে, তাহলে সম্পদ বিক্রি করে হলেও গ্রাহকের দাবি পরিশোধ করতে হবে। অর্থমন্ত্রী বলেন, যে মানুষটা নিরাপত্তার জন্য ইন্স্যুরেন্স করে, নিজের কষ্টের অর্জিত টাকা থেকে দেয়, তাকে আপনি কীভাবে সেই টাকা থেকে বঞ্চিত করবেন? তিনি জানান, এরই মধ্যে কিছু দাবি পরিশোধ করা হয়েছে। আইডিআরএর চেয়ারম্যান নিজেও একটি দাবি পরিশোধের উদ্যোগ নিয়েছেন, যা মূলত একটি দৃষ্টান্ত স্থাপনের জন্য। তবে বিমা দাবি পরিশোধ করা নিয়ন্ত্রক সংস্থার চেয়ারম্যানের দায়িত্ব নয়, সংশ্লিষ্ট বিমা কোম্পানিকেই তা পরিশোধ করতে হবে। বিমা খাতে ব্যাংকিং খাতের মতোই অনিয়ম ও দুর্নীতি দেখা যাচ্ছে মন্তব্য করে অর্থমন্ত্রী বলেন, দায়িত্ব নেওয়ার পর তারা বিমা খাতে ব্যাপক অব্যবস্থাপনা, দুর্নীতি ও অনিয়ন্ত্রণ দেখতে পেয়েছেন। এ কারণে নিয়ন্ত্রক সংস্থার ভূমিকা আরও গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। তিনি বলেন, বিমা খাতকে নিয়ন্ত্রণে আনতে বিমা আইনেও প্রয়োজনীয় পরিবর্তন আনা হবে। ব্যাংকিং খাতের মতো বিমা খাতেও প্রয়োজনীয় 'রেজুলেশন' কাঠামো গড়ে তোলা হবে। এসব পরিবর্তন আগামী দিনে সংসদে নেওয়ার পরিকল্পনা রয়েছে।

বিদ্যুৎ-গ্যাস নিয়ে ব্যবসায়ী ও গণমাধ্যমের

তারেক রহমান। শিল্প-কারখানায় গ্যাস সরবরাহ মঙ্গলবার সন্ধ্যার মধ্যে এক থেকে দেড় মাস আগের অবস্থায় ফিরবে বলেও আশাবাদ ব্যক্ত করেছেন তিনি। প্রধানমন্ত্রী বলেন, অস্থিতিশীলতা সৃষ্টি না করে সরকারকে তাদের মেয়াদে পরিকল্পনা বাস্তবায়নের সুযোগ দেওয়া উচিত। সোমবার (১৪ সেপ্টেম্বর) বাংলাদেশ সচিবালয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে ব্যবসায়ী নেতা ও গণমাধ্যম ব্যক্তিত্বদের সঙ্গে তিন ঘণ্টাব্যাপী মতবিনিময়কালে এসব কথা বলেন প্রধানমন্ত্রী। সভায় অংশ নেওয়া ব্যবসায়ী নেতা ও গণমাধ্যমকর্মীরা বিভিন্ন বিষয়ে নিজেদের মতামত তুলে ধরেন। সভায় 'বাংলাদেশের বিদ্যুৎ ও জ্বালানি খাতের চ্যালেঞ্জ ও ভবিষ্যৎ পথরেখা' শীর্ষক একটি উপস্থাপনা দেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত। দেশের বিদ্যুৎ ও জ্বালানি খাতের বর্তমান সংকটকে 'উত্তরাধিকারসূত্রে পাওয়া সমস্যা' হিসেবে উল্লেখ করেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, এ সংকট ছয় মাস বা এক বছরের মধ্যে পুরোপুরি সমাধান করা সম্ভব নয়। তবে সরকার সমস্যা চিহ্নিত করে পরিকল্পনা তৈরি করেছে এবং এখন সেগুলো বাস্তবায়নের পর্যায়ে রয়েছে। প্রধানমন্ত্রী বলেন, বিদ্যুৎ ও জ্বালানি সরবরাহ স্বাভাবিক করতে সরকার একটি নির্দিষ্ট সময়সীমা ধরে কাজ করছে। পরিকল্পনা বাস্তবায়ন হলে ব্যবসা-বাণিজ্যের পাশাপাশি সামগ্রিক অর্থনীতিও উপকৃত হবে। বর্তমান গ্যাস সংকটের কারণ ব্যাখ্যা করে প্রধানমন্ত্রী বলেন, দেশের দুটি ভাসমান এলএনজি টার্মিনালের একটিতে দুর্ঘটনার কারণে সরবরাহ ব্যাহত হয়েছে। এর প্রভাব পড়েছে শিল্পকারখানাসহ বিভিন্ন খাতে। তবে দুর্ঘটনাজনিত সমস্যাটি এরই মধ্যে সমাধান করা হয়েছে। প্রধানমন্ত্রী বলেন, 'আমরা আশা করছি, ইনশাল্লাহ, আগামীকাল সন্ধ্যা থেকে গ্যাসের সরবরাহ এক-দেড় মাস আগে যে অবস্থায় ছিল, সে রকম একটা অবস্থায় ফিরে আসবে।'

বিআরটিসি বাসের

অপেক্ষায় মহাসড়কের পাশে দাঁড়িয়ে ছিল সে। এ সময় কুয়াকাটা থেকে ছেড়ে আসা একটি বিআরটিসি বাস (ঢাকা মেট্রো-ব-১৫৬৪৩৫) মাহিরকে চাপা দেয়। এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। দুর্ঘটনার পর স্থানীয়রা বাসটি ও চালককে আটক করে পুলিশের কাছে হস্তান্তর করেন। কলাপাড়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) নজরুল ইসলাম দুর্ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে বাসটি জব্দ করেছে। পরিবারের পক্ষ থেকে অভিযোগ পাওয়া গেলে পরবর্তী আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

শ্বশুরবাড়ির নির্যাতনে জামাতার

করেছিলেন চম্পাপুর ইউনিয়নের চালিতাবুনিয়া গ্রামের বাসিন্দা হাবিব মিয়ার ছেলে বেল্লাল। কিন্তু দাম্পত্য জীবনের শুরু থেকেই তার ওপর শ্বশুরবাড়ির লোকজন মানসিকভাবে নির্যাতন শুরু করে। তাকে অকর্মণ্য ও অপদার্থ আখ্যা দিয়ে প্রতিনিয়ত গালিগালাজ করা হতো বলে আরজিতে উল্লেখ করা হয়েছে। নির্যাতন সহ্য করতে না পেরে গত বছরের ডিসেম্বর মাসে বিষপান করেন বেল্লাল। আশঙ্কাজনক অবস্থায় তাকে উদ্ধার করে হাসপাতালে নেওয়ার পথে তিনি মায়ের কাছে শেষ জবানবন্দি দিয়ে যান। বেল্লাল তার মাকে জানান, শ্বশুর ইলিয়াস ও শাশুড়ি তাকে বিষ খেয়ে মরার জন্য প্রতিনিয়ত উসকানি দিতেন এবং মানসিক নির্যাতন করতেন। নিহতের মা লাইজু বেগমের দাবি, নাতির ভবিষ্যৎ এবং পারিবারিক আত্মীয়তার সম্পর্কের কথা চিন্তা করে প্রথমে তারা কোনো আইনি পদক্ষেপ নেননি। কিন্তু আপস-মীমাংসার নামে সময়ক্ষেপণ করে অভিযুক্তরা উল্টো এখন তার অপর সন্তানকে প্রাণনাশের হুমকি দিচ্ছে। শেষ পর্যন্ত বাধ্য হয়েই তিনি আদালতের দ্বারস্থ হয়েছেন। অভিযোগের বিষয়ে বেল্লালের শ্বশুর ইলিয়াস মিয়া দাবি করেন, ঘটনার দিন তিনি ঢাকায় ছিলেন এবং তাদের বিরুদ্ধে আনা সব অভিযোগ সম্পূর্ণ মিথ্যা ও ভিত্তিহীন। এদিকে কলাপাড়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. নজরুল ইসলাম জানিয়েছেন, এ বিষয়ে এখনও কোনো লিখিত অভিযোগ বা আদালতের নির্দেশনা তারা পাননি। নির্দেশনা পেলে আইন অনুযায়ী তদন্ত সাপেক্ষে ব্যবস্থা নেওয়া হবে।

পিরোজপুর হাসপাতালে আকস্মিক পরিদর্শনে

করার বিষয়ে প্রয়োজনীয় দিকনির্দেশনা দিয়েছেন। ডা. মো. মতিউর রহমান বলেন, পিরোজপুরে ডেঙ্গু রোগী বেড়েছে। দুই প্রতিমন্ত্রী ডেঙ্গু ওয়ার্ড ঘুরে দেখেছেন। হাসপাতালে ডেঙ্গু রোগীদের পর্যাপ্ত সেবা দেওয়া হচ্ছে।

আবাসিক হোটেলে স্ত্রীকে জবাই

তিনি জানান, ২০১০ সালের ১৫ ফেব্রুয়ারি বরিশাল নগরীর সদর রোডে হোটেল আলী ইন্টারন্যাশনালের একটি কক্ষে পটুয়াখালীর বাউফল উপজেলার বাসিন্দা প্রকৌশলী জহিরুল ইসলাম তার স্ত্রী নাজমা জহির শোভাকে ছুরিকাঘাতে হত্যা করে। এই ঘটনায় নিহতের বোন নিলুফা আইরিন বাদী হয়ে একই দিন কোতোয়ালি মডেল থানায় মামলা দায়ের করে? মামলায় পুলিশ নিহতের স্বামী জহিরুল ইসলাম ও হোটেল ম্যানেজার আবদুল মালেককে অভিযুক্ত করে আদালতে অভিযোগপত্র দাখিল করেন। আদালত ১৩ জন সাক্ষীর মধ্যে ১০ জনের সাক্ষ্য গ্রহণ শেষে সোমবার এ রায় ঘোষণা করা হয়। রায়ে সন্তোষ প্রকাশ করে বাদী পক্ষের আইনজীবী মো. আনোয়ার হোসেন মিজান বলেন, নিহতের ছোট বোন রুমা আক্তারের সঙ্গে পরকীয়া প্রেম ছিল জহিরুল ইসলামের। ওই সময় তিনি বরিশাল এলজিইডির প্রকৌশলী ছিলেন। তিনি আরও বলেন, পরকীয়া জেনে ফেলায় ঘটনার দিন স্ত্রী শোভাকে বরিশাল নগরীর সদর রোডে হোটেল আলী ইন্টারন্যাশনালে পঞ্চম তলার একটি কক্ষে নিয়ে যান। সেখানে তাকে ছুরি দিয়ে জবাই করে হত্যা করে স্বামী জহিরুল ইসলাম। এই ঘটনায় গ্রেপ্তারের পর আসামি আদালতে স্বীকারোক্তিমুলক জবানবন্দি দিয়েছিল। অন্যদিকে হোটেল কার্যক্রম পরিচালনায় ম্যানেজারের বিরুদ্ধে অনিয়মের প্রমাণ মিলেছে। এ কারণে তাকেও পাঁচ বছরের কারাদণ্ড প্রদান করা হয়েছে। দীর্ঘ বিচার কার্যক্রম শেষে হত্যাকাণ্ডের ঘটনার প্রায় ১৬ বছর পর আদালত এ রায় ঘোষণা করেন। বাদী পক্ষের এই আইনজীবী বলেন, রায় ঘোষণার সময় দুই আসামিই আদালতে উপস্থিত ছিলেন। তাদের বরিশাল কেন্দ্রীয় কারাগারে পাঠানো হয়েছে। আদালতের এই রায়ে ন্যায় বিচার প্রতিষ্ঠিত হয়েছে। এ কারণে আমরা রায়ের বিরুদ্ধে আর আপিল করব না।

ভূমি অফিসে নামজারির আবেদন পেন্ডিং

ভাবমূর্তি ক্ষুণ্ন হওয়ার আশঙ্কা তৈরি হচ্ছে। সরকারি দায়িত্ব যথাযথভাবে পালন না করার বিষয়টি কেন দায়িত্বে অবহেলা হিসেবে গণ্য করা হবে না, সে বিষয়ে তাদের কাছে ব্যাখ্যা চাওয়া হয়েছে। সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা অনুযায়ী তাদের বিরুদ্ধে কেন বিভাগীয় ব্যবস্থা নেওয়া হবে না, সে বিষয়ে নোটিশ পাওয়ার পরবর্তী তিন কার্যদিবসের মধ্যে লিখিত জবাব দিতে বলা হয়েছে। জেলা প্রশাসক মো. মামুন খন্দকার বলেন, ভূমি সেবার সঙ্গে সাধারণ মানুষের দৈনন্দিন প্রয়োজন ও অধিকার জড়িত। কোনো আবেদন অযৌক্তিকভাবে দীর্ঘদিন পেন্ডিং রাখা হবে না। জনগণকে হয়রানি না করে নির্ধারিত সময়ের মধ্যে নামজারি ও হোল্ডিংসহ সব সেবা নিশ্চিত করতে হবে। তিনি আরও বলেন, দায়িত্বে অবহেলা, কর্মবিমুখতা কিংবা জনভোগান্তি সৃষ্টি হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধি অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে। একই সঙ্গে দ্রুত সেবা প্রদান ও স্বচ্ছতা নিশ্চিত করতে জেলা প্রশাসনের তদারকি কার্যক্রম অব্যাহত থাকবে।

ভোলায় ১৬ লাখ টাকার

অভিযান পরিচালনা করে আসছে। এরই ধারাবাহিকতায় রোববার বিকাল ৫ টায় ভোলার সদর থানাধীন পূর্ব ইলিশার ৬ নং বাঘার হাওলা সংলগ্ন এলাকায় কোস্ট গার্ড বেইস ভোলা কর্তৃক গোপন সংবাদের ভিত্তিতে একটি বিশেষ অভিযান পরিচালনা করা হয়। অভিযান চলাকালীন ওই এলাকায় সন্দেহজনক একটি সিএনজি তল্লাশি করে প্রায় ১৬ লাখ টাকা মূল্যের ৪০ কেজি গাঁজাসহ দুইজন মাদক কারবারিকে আটক করা হয়। জব্দকৃত গাঁজা এবং আটককৃত মাদক কারবারির বিরুদ্ধে পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। ভয়াবহ মাদকের বিস্তার রোধে কোস্ট গার্ড ভবিষ্যতেও এ ধরনের অভিযান অব্যাহত রাখবে বলে জানান তিনি।

দুমকিতে একাদশে শিক্ষার্থী সংকট, ভর্তির জন্য বাড়ি বাড়ি ছুটছেন শিক্ষকরা

দুমকি প্রতিনিধি

পটুয়াখালীর দুমকি উপজেলার উচ্চমাধ্যমিক কলেজ ও মাদ্রাসাগুলোতে ২০২৬-২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে শিক্ষার্থী ভর্তিকে কেন্দ্র করে শুরু হয়েছে তীব্র প্রতিযোগিতা। চলতি বছর এসএসসি ও সমমানের পরীক্ষায় পাসের হার কম হওয়ায় উপজেলায় দেখা দিয়েছে শিক্ষার্থী সংকট। ফলে কাঙ্ক্ষিত শিক্ষার্থী পেতে শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর শিক্ষক-কর্মচারীরা ভোট চাওয়ার মতো করে বাড়ি বাড়ি ছুটছেন। উপজেলায় একটি সরকারি কলেজ, তিনটি মহিলা কলেজ, তিনটি কারিগরি প্রতিষ্ঠান, একাধিক সাধারণ কলেজ এবং পাঙ্গাসিয়া নেছারিয়া কামিল মাদ্রাসা ও পাঙ্গাসিয়া আল মদিনা মহিলা ফাজিল মাদ্রাসাসহ বেশ কয়েকটি নামকরা আলিম ও ফাজিল মাদ্রাসা রয়েছে। এর মধ্যে সরকারি জনতা কলেজ, আজিজ আহমেদ ডিগ্রি কলেজ, দুমকি টেকনিক্যাল অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট মহিলা কলেজ, এলএমএ ইউনাইটেড মহিলা কলেজ, নাসিমা কেরামত আলী মহিলা কলেজ, কদমতলা কলেজ, পাঙ্গাসিয়া কলেজ, দক্ষিণবঙ্গ কৃষি কারিগরি প্রশিক্ষণ ইনস্টিটিউট এবং আহমেদ হারুন কারিগরি বিএম ইনস্টিটিউট অন্যতম। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, এ বছর দুমকির ২৩টি মাধ্যমিক বিদ্যালয় থেকে ৮০৭ জন পরীক্ষার্থীর মধ্যে উত্তীর্ণ হয়েছে মাত্র ৫০৭ জন। অন্যদিকে মাদ্রাসা বোর্ডে ৫৬৮ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ৩৬০ জন। উপজেলায় মোট উত্তীর্ণ শিক্ষার্থীর তুলনায় কলেজগুলোতে খালি আসনের সংখ্যা অনেক বেশি। ফল প্রকাশের পর থেকেই বিভিন্ন কলেজের শিক্ষকরা মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসা থেকে উত্তীর্ণ শিক্ষার্থীদের তথ্য সংগ্রহ করে সরাসরি তাঁদের বাড়িতে গিয়ে হাজির হচ্ছেন। শিক্ষকদের এমন প্রাক-ভর্তি প্রতিযোগিতায় অভিভাবকেরাও পড়েছেন বিপাকে। সেতারা বেগম নামের এক অভিভাবক জানান, বিভিন্ন কলেজের শিক্ষকরা এসে তাঁদের প্রতিষ্ঠানে ভর্তি করার জন্য নানাভাবে বোঝাচ্ছেন। সব শিক্ষকই পরিচিত হওয়ায় কাকে রেখে কোথায় সন্তানকে ভর্তি করাবেন, তা নিয়ে দুশ্চিন্তায় আছেন তিনি। উপজেলার সিংহভাগ শিক্ষার্থীর প্রথম পছন্দ একমাত্র সরকারি কলেজটি। ফলে বেসরকারি, কারিগরি ও মহিলা কলেজগুলোতে আবেদনের সংখ্যা আশঙ্কাজনকভাবে কম। আজিজ আহমেদ ডিগ্রি কলেজের প্রভাষক মো. এবাদুল হক জানান, তাঁদের প্রতিষ্ঠানে ৪৫০টি আসনের বিপরীতে আবেদন জমা পড়েছে মাত্র ৪১টি। শেষ পর্যন্ত এসব শিক্ষার্থী ভর্তি হবে কি না, তা নিয়েও সংশয় রয়েছে। কারিগরি কলেজের সহকারী অধ্যাপক বাহাউদ্দিন ও অধ্যক্ষ জসিম উদ্দিন জানান, কারিগরি শিক্ষার সুবিধা বোঝানো সত্ত্বেও বাড়ি বাড়ি গিয়ে আশানুরূপ সাড়া পাওয়া যাচ্ছে না। এর ওপর পটুয়াখালী সদর থেকেও বিভিন্ন প্রতিষ্ঠানের শিক্ষকরা দুমকিতে এসে শিক্ষার্থী নেওয়ার চেষ্টা করছেন, যা সংকটকে আরও ঘনীভূত করেছে। বিদ্যমান পরিস্থিতিতে কলেজগুলোর অস্তিত্ব রক্ষা ও শিক্ষার মান বজায় রাখতে আসন বা কোটা কমানোর জন্য শিক্ষা মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্তৃপক্ষের জরুরি হস্তক্ষেপ দাবি করেছেন উপজেলার শিক্ষকরা।

মন্ত্রী এ্যানির ছবি ব্যবহার করে কুয়াকাটায় জমি দখলের অভিযোগ

কুয়াকাটা প্রতিনিধি

পটুয়াখালীর কুয়াকাটায় পানি সম্পদ মন্ত্রণালয়ের মন্ত্রী শহীদউদ্দীন চৌধুরী এ্যানির ছবি ব্যবহার করে জমি দখল, একের পর এক মামলা দিয়ে হয়রানি এবং প্রাণনাশের হুমকি দেওয়ার অভিযোগ উঠেছে মোশাররফ হোসেন নামের এক ব্যক্তির বিরুদ্ধে। তিনি নিজেকে মন্ত্রীর ঘনিষ্ঠজন হিসেবে পরিচয় দেন বলে অভিযোগ করেছেন ভুক্তভোগী ব্যবসায়ী জাহাঙ্গীর আকন। এসব অভিযোগের প্রতিকার ও প্রশাসনের হস্তক্ষেপ চেয়ে রোববার (১৪ সেপ্টেম্বর) কুয়াকাটা প্রেসক্লাবে সংবাদ সম্মেলন করেন জাহাঙ্গীর আকন। সংবাদ সম্মেলনে তিনি লিখিত বক্তব্যে তার অভিযোগের বিস্তারিত তুলে ধরেন এবং সংশ্লিষ্ট জমির মালিকদের নিরাপত্তা ও জমি উদ্ধারে প্রশাসনের সহযোগিতা কামনা করেন। জাহাঙ্গীর আকন বলেন, তিনি দীর্ঘদিন ধরে কুয়াকাটা এলাকায় সুনামের সঙ্গে জমিজমা বেচাকেনার ব্যবসা করে আসছেন। তার দাবি, সাব-কবলা দলিলের মাধ্যমে সৈয়দ মোসারেফ, জি এম ফারুক, ইউনুছ মিয়া ও জাহানারা ইসলাম ০.৭৭ একর জমির মালিক হন। ১৯৯৭ সাল থেকে জমিটির মালিকানা থাকলেও পরবর্তী সময়ে আনোয়ার নামের এক পাহারাদারের মাধ্যমে তৎকালীন আওয়ামী লীগ সরকারের ক্ষমতার প্রভাব দেখিয়ে মোশাররফ হোসেন জমিটি দখলে নেন। জাহাঙ্গীরের অভিযোগ, ৫ আগস্টের রাজনৈতিক পটপরিবর্তনের পর মোশাররফ তার রাজনৈতিক পরিচয় পরিবর্তন করে বিএনপির ঘনিষ্ঠজন হিসেবে পরিচয় দিতে শুরু করেন। বর্তমানে ওই জমির সামনে পানি সম্পদ মন্ত্রণালয়ের মন্ত্রী শহীদউদ্দিন চৌধুরী এ্যানির ছবি সম্বলিত ব্যানার ও সাইনবোর্ড ব্যবহার করে দখল বজায় রাখার চেষ্টা করা হচ্ছে। জমি নিয়ে বিরোধের জেরে তাকে বিভিন্নভাবে হয়রানি করা হচ্ছে দাবি করে জাহাঙ্গীর আকন বলেন, মোশাররফ হোসেনের পক্ষ থেকে তার বিরুদ্ধে একাধিক মামলা করা হয়েছে। ঢাকাতেও দুটি মামলা করা হয়েছে বলে দাবি করেন তিনি। সংবাদ সম্মেলনে জাহাঙ্গীর আরও অভিযোগ করেন, ২০১৪ সালে আওয়ামী লীগ সরকারের সময় ক্ষমতার প্রভাব খাটিয়ে বিবাদীপক্ষ জমিটি অবৈধভাবে ভোগদখলে রাখে। জমির মালিকরা তাদের জমির দখলে যেতে চাইলে তাদের প্রাণনাশের হুমকি এবং মামলা দিয়ে হয়রানি করা হচ্ছে বলেও অভিযোগ করেন তিনি। তার দাবি, গত ২ সেপ্টেম্বর একটি মামলায় হাজিরা দিতে আদালতে গেলে আদালত চত্বরে মোশাররফ হোসেন তার লোকজন নিয়ে তাকে আটক করেন এবং ৩০ লাখ টাকা দাবি করেন। পরে তিনজন আইনজীবী ও কয়েকজন গণ্যমান্য ব্যক্তির উপস্থিতিতে বিষয়টির সমাধান করা হয়। ভুক্তভোগী জাহাঙ্গীর আকন বলেন, আওয়ামী লীগ সরকারের আমলে মোশাররফ হোসেন জমিতে শেখ মুজিবুর রহমানের ছবির পাশে নিজের ছবি ব্যবহার করে সাইনবোর্ড স্থাপন করেছিলেন। বর্তমানে একই কৌশলে পানি সম্পদ মন্ত্রণালয়ের মন্ত্রী শহীদউদ্দিন চৌধুরী এ্যানির ছবির সঙ্গে নিজের ছবি ব্যবহার করে ব্যানার স্থাপন করে জমির দখল বজায় রাখার চেষ্টা করছেন। এ-সংক্রান্ত কিছু ছবি সংবাদ সম্মেলনে সাংবাদিকদের সামনে উপস্থাপন করা হয়। জাহাঙ্গীর আকনের দাবি, সান ভিউ প্রপার্টিজ লিমিটেডের পক্ষে মোশাররফ হোসেনসহ ছয়জন ওই জমির মালিক ছিলেন। পরবর্তী সময়ে মোশাররফ হোসেন জমিটির মূল্য এক কোটি ২৮ লাখ ৮০ হাজার টাকা নির্ধারণ করে বিক্রি করেন। তবে ওই অর্থের মধ্যে অপর পাঁচ মালিকের অংশ তাদের বুঝিয়ে না দিয়ে আত্মসাৎ করা হয়েছে বলে অভিযোগ করেন তিনি। এ বিষয়ে সান ভিউ প্রপার্টিজ লিমিটেডের চেয়ারম্যান মো. জহিরুল হক অবগত নন বলেও দাবি করেন জাহাঙ্গীর। অন্যদিকে, বিএস ৭৭৭ নম্বর খতিয়ানের রাখাইন মার্কেটের পূর্ব পাশে অবস্থিত একটি জমির ক্ষেত্রেও শেখ মুজিবুর রহমানের সঙ্গে নিজের ছবি সম্বলিত সাইনবোর্ড ব্যবহার করে প্রশ্নফাঁসের মামলায় আলোচিত আবেদ আলীর কাছ থেকে প্রায় দুই কোটি টাকা নেওয়া হয়েছে বলে সংবাদ সম্মেলনে অভিযোগ করা হয়। তবে এসব অভিযোগের বিষয়ে অভিযুক্ত মোশাররফ হোসেনের বক্তব্য জানতে ফোনে একাধিকবার যোগাযোগের চেষ্টা করা হলেও তাকে পাওয়া যায়নি।

ভাণ্ডারিয়া ইমাম, পুরোহিতদের

ও পৌর প্রশাসক ইউএনও মো. হাসিবুল হাসান এর সভাপতিত্বে পৌর নির্বাহী কর্মকর্তা আনোয়ার হোসেনের সঞ্চালনায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ মো. ইব্রাহীম মোল্লা,ভাণ্ডারিয়া থানার অফিসার্স ইন চার্জ (ওসি) দেওয়ান জগলুল হাসান, উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক মো. মনির হোসেন আকন, সাংগঠনিক সম্পাদক আবুল কালাম আজাদ (মলাত) জোমোদ্দার, পৌর বিএনপির যুগ্ম আহবায়ক মো. ওয়াসীম মান্নান উৎপল হাওলাদার, সাবেক সদর ইউপি চেয়ারম্যান মো.গোলাম সরোয়ার জোমাদ্দার,বিশিষ্ট সমাজসেবী মো. জুলফিকার আলী হাওলাদার, ইমাম মাওলানা মাহামুদুল হাসান ও পুরোহিত সন্তোষ চন্দ্র মুখার্জী প্রমূখ। এসময় সভায় পৌরসভাসহ উপজেলার বাকি ৬টি ইউনিয়নের সকল মসজিদের ইমাম, মুয়াজ্জিন, এতিম খানা ও ল্লিাহ বোর্ডিং এর খাদেম এবং সকল পুরোহিত, সরকারি,বেসরকারি কর্মকর্তা,এনজিও,সামাজিক-সাংস্কৃতিক সংগঠনসহ বিভিন্ন শ্রেণি পেশার পক্ষ থেকে জ্যেষ্ঠ নেতৃবৃন্দ সভায় উপস্থিত সকলের মাঝে পৌরসভার পক্ষ থেকে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ডেঙ্গু থেকে সুস্থ্য থাকতে করণীয় বিষয় সম্পর্কীত লিফলেট বিতরণ করা হয়।

সপ্তাহের ব্যবধানে বেড়েছে

ধুন্দল ৮০, ঝিঙা ১০০, করলা ৭০ থেকে ৮০, বেগুন ৮০ থেকে ১০০, বরবটি ১০০, লাউ ৫০ থেকে ৬০, পেঁপে ৩৫ থেকে ৪০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে। এছাড়াও পাকা মিষ্টি কুমড়া ৫৫ থেকে ৬০ টাকা, কাঁকরোল ৮০ থেকে ১০০ টাকা এবং কচুর লতি ৫০-৬০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে। নগরীর বাংলাবাজারে আসা ক্রেতা জাকির বলেন, গত সপ্তাহেও সবজির দাম নাগালের মধ্যে ছিল, এখন আবার সব ধরনের সবজির দাম ১০০ টাকা ছাড়িয়েছে। এভাবে দাম বাড়লে সবজি কিনে খাওয়া সম্ভব হবে না। ব্যবসায়ীরা তাদের ইচ্ছা মতো দাম নির্ধারণ করে। এজন্য নিয়মিত বাজার মনিটরিং দরকার। বহুমুখী সিটি মার্কেট পাইকারি সবজির বাজারের দুলাল বানিজ্যালয়ের আমিনুল ইসলাম শুভ বলেন, ‘সবজির পর্যাপ্ত সরবরাহ কমে গেলেই দাম বৃদ্ধি পায়। এর আগে বৃষ্টির কারণে দাম কিছুটা বেশি ছিল, পরে আবার কমেছে। এখন সবজির সরবরাহ কম থাকায় দাম কিছুটা বেশি। সরবরাহ বাড়লে দাম কমে যাবে।’ এদিকে নগরীর পোর্ট রোড পাইকারি মাছ বাজারে দেখা গেছে, নদীর মাছের সরবরাহ না থাকায় চাহিদা ও দাম দুটোই বেড়েছে চাষের মাছের। সপ্তাহ ব্যবধানে আকার ও প্রকারভেদে বিভিন্ন মাছের দাম কেজিতে ৫০-১৫০ টাকা পর্যন্ত বেড়েছে। এতে পছন্দের মাছ কিনতে না পারার আক্ষেপ ক্রেতাদের কণ্ঠে। দেলোয়ার হোসেন নামে এক ক্রেতা বলেন, আগে এক কেজি চিংড়ি মাছ ৫৫০ থেকে ৬০০ টাকায় কিনেছি। এখন সেই চিংড়ি মাছ ১৩৫০ টাকা পর্যন্ত বিক্রি হচ্ছে। একইভাবে অন্যান্য মাছের দামও বেড়েছে। ফলে চাহিদা অনুযায়ী পছন্দের মাছ কিনতে না পেরে তেলাপিয়া ও পাঙ্গাশ মাছ কিনতে হয়। এদিকে কিছু দিন ধরে প্রতি কেজি ব্রয়লার ১৬৫-১৭০ টাকা, লেয়ার ৩৬৫, আর সোনালি মুরগি বিক্রি হচ্ছে ২৯০ টাকায়। তবে অপরিবর্তিত রয়েছে গরু ও খাসির মাংসের দাম।

বাংলাদেশে ইলিশ রপ্তানি করল ভারত

জানিয়েছেন মাছ ব্যবসায়ীরা। সাধারণত বাংলাদেশ থেকেই ভারতে ইলিশ যায়। তবে এবার বাংলাদেশে ইলিশ উৎপাদন কম হওয়ায় দেশীয় চাহিদা মেটাতে ভারতের দিকে ঝুঁকেছেন বাংলাদেশি ব্যবসায়ীরা। ব্যবসায়ীরা জানান, ইলিশের এসব চালান মূলত গুজরাট থেকে সংগ্রহ করে ভারুচ বন্দরের মাধ্যমে পাঠানো হয়েছে। পাশাপাশি কিছু সরবরাহ পশ্চিমবঙ্গের হাওড়া পাইকারি মাছের বাজার হয়েও গেছে। হাওড়া হোলসেল ফিশ ইমপোর্টার্স অ্যাসোসিয়েশনের সম্পাদক সৈয়দ আনোয়ার মকসুদ বলেন, ‘বাংলাদেশ এবারই প্রথম ভারত থেকে ইলিশ আমদানি করছে। আমরা সাধারণত বোয়াল, রুই, পারশে ও ট্যাংরার মতো মাছ বাংলাদেশে পাঠিয়ে থাকি। কিন্তু এ বছর সেখানে ইলিশের ঘাটতি দেখা দিয়েছে।’ ‘গত দুই মাসে প্রায় ৫০০ টন ইলিশ রপ্তানি করা হয়েছে। আগামী সপ্তাহগুলোতে আরও ১৫০ থেকে ২০০ টন রপ্তানির কথা রয়েছে’, বলেন তিনি। মকসুদ জানান, প্রচুর ডিম থাকার কারণে ভারতের বাজারে গুজরাটের ইলিশের চাহিদা তুলনামূলকভাবে কম। তবে এই বৈশিষ্ট্যের কারণেই বাংলাদেশের ক্রেতাদের কাছে, বিশেষ করে চট্টগ্রাম ও সিলেটে এটি আকর্ষণীয় হয়ে উঠেছে। কারণ বাংলাদেশে ডিমওয়ালা ইলিশের চাহিদা রয়েছে। তিনি আরও বলেন, ‘গুজরাটের ইলিশে প্রচুর ডিম থাকে, যা বাংলাদেশে বেশ কাঙ্ক্ষিত। এমনকি ডিম আলাদাভাবে বিক্রি করে প্রক্রিয়াজাত করে অন্যান্য দেশে পুনরায় রপ্তানি করা হচ্ছে।’ তিনি জানান, বাংলাদেশের ব্যবসায়ীরা আমদানি করা কিছু ইলিশ প্রক্রিয়াজাত করে বিদেশের বাজারেও রপ্তানি করছেন। অন্যদিকে দেশের অভ্যন্তরীণ বাজারে এই মাছ শুকিয়ে নোনা ইলিশ হিসেবেও বিক্রি করা হচ্ছে। তবে আসন্ন উৎসবের মৌসুমে বাংলাদেশ থেকে ভারতে ইলিশ রপ্তানি করা হবে কি না, সে বিষয়ে এখনো সুস্পষ্ট তথ্য পাওয়া যায়নি। গত বছর উৎসবের মৌসুমের আগে বাংলাদেশ সরকার ভারতে ১ হাজার ২০০ টন ইলিশ রপ্তানির অনুমতি দিয়েছিল।

ভেনেজুয়েলার মতো ইরানের তেল

যুক্তরাষ্ট্রের সাম্প্রতিক উদ্যোগের সঙ্গে তুলনা টেনেছেন তিনি। রোববার (১৩ সেপ্টেম্বর) আয়ারল্যান্ড সফরে গিয়ে একদিকে বৈঠকে অংশ নেন ট্রাম্প, অন্যদিকে গলফ দেখতে যান। সেখানে তিনি আবারও বলেন, ইরান যুদ্ধ চলতি বছরেই শেষ হবে বলে তিনি আশা করছেন। তবে যুক্তরাষ্ট্রে নভেম্বরে অনুষ্ঠেয় মধ্যবর্তী নির্বাচনের পরপরই যুদ্ধ শেষ হতে পারে বলেও ইঙ্গিত দেন তিনি। আয়ারল্যান্ড ওপেন গলফ চ্যাম্পিয়নশিপে কথা বলার সময় ট্রাম্প আরও বলেন, ইরান যুদ্ধ শেষ হলে যুক্তরাষ্ট্রে পেট্রলের দাম ‘পাথরের মতো দ্রুত’ কমে যাবে। এদিকে, মধ্যপ্রাচ্যের অস্থিরতায় আন্তর্জাতিক তেলের বাজারেও ব্যাপক প্রভাব পড়েছে। সৌদি আরবের একটি তেল পাইপলাইনে হামলার পর সোমবার আবারও তেলের দাম বাড়তে পারে বলে ধারণা করছেন তেল ব্যবসায়ীরা। ইরান নিয়ে আলোচনার প্রসঙ্গে ট্রাম্প বলেন, তিনি কেবল ‘সঠিক চুক্তি’ করবেন। এমন কোনো চুক্তিতে তিনি যাবেন না, যেটি ‘ভালো নয়’। তিনি আরও দাবি করেন, ইরান শান্তি আলোচনার জন্য ‘প্রতিনিয়ত’ যোগাযোগ করছে। তবে তেহরান অতীতে এমন দাবি নাকচ করেছে। এর মধ্যেই ইরান নিয়ে আরেকটি সম্ভাব্য পথের কথা সামনে আনেন মার্কিন প্রেসিডেন্ট। তিনি বলেন, যুক্তরাষ্ট্র চাইলে ইরানে সম্পৃক্ততা বজায় রাখতে পারে। এ সময় ভেনেজুয়েলার সঙ্গে যুক্তরাষ্ট্রের করা চুক্তির উদাহরণ টানেন তিনি। গত আগস্টে ভেনেজুয়েলা নিয়ে ওই চুক্তির ঘোষণা দেওয়া হয়েছিল। ট্রাম্প বলেন, শেষ পর্যন্ত আমরা ইরান থেকে বেরিয়ে আসব- যদি না আমরা সেখানে থেকে গিয়ে ভেনেজুয়েলার মতো তেল রেখে দেওয়ার সিদ্ধান্ত নিই। ভেনেজুয়েলা থেকে যুক্তরাষ্ট্রের পাওয়া রাজস্বের প্রসঙ্গ টেনে তিনি আরও বলেন, ওই আয় ‘অনেকবার যুদ্ধের খরচ’ পরিশোধ করেছে।

চাঁদাবাজি মামলায় স্বেচ্ছাসেবক

৭ পিস ইয়াবা, এক পুরিয়া গাঁজা ও একটি রামদা উদ্ধার করা হয়েছিল। তাঁদের আদালতের মাধ্যমে জেলহাজতে পাঠানো হয়েছে।

তথাকথিত সালিশের দুই

সঞ্জয় তাঁদের মেনে নিতে অস্বীকৃতি জানান। এ নিয়ে আয়োজিত প্রথম দফার গ্রাম্য সালিশে গীতাকে স্ত্রী ও সন্তানকে মেনে নেওয়ার সিদ্ধান্ত হলে সঞ্জয় ১৫ দিনের সময় নেন। কিন্তু পরবর্তীতে তিনি আত্মগোপনে যান। এরপর গত ১১ সেপ্টেম্বর স্থানীয়ভাবে অনুষ্ঠিত দ্বিতীয় দফার সালিশে সঞ্জয়ের সঙ্গে সম্পর্ক ছিন্ন করার বিনিময়ে গীতাকে দেড় লাখ টাকা দেওয়ার সিদ্ধান্ত দেওয়া হয়। স্বজনদের অভিযোগ, দ্বিতীয় দফার এই রায় মানসিকভাবে ভেঙে ফেলে গীতাকে। রোববার বিকেলে তিনি অসুস্থ হয়ে পড়লে প্রথমে স্থানীয় হাসপাতালে এবং পরে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়ার পথে তাঁর মৃত্যু হয়। তবে নিহতের বাবা গোপাল চন্দ্র দাস জানান, তাঁর মেয়ে দীর্ঘদিন ধরেই শারীরিকভাবে অসুস্থ ছিলেন। তবে সালিশে উপস্থিত থাকার বিষয়টি অস্বীকার করে বাটাজোর ইউনিয়ন বিএনপির আহ্বায়ক আজাদ প্যাদা বলেন, তিনি এমন কোনো সালিশ বা রায় দেওয়ার সঙ্গে যুক্ত ছিলেন না। গৌরনদী মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তারিক হাসান রাসেল জানান, এলাকাবাসী বিষয়টিকে রহস্যজনক দাবি করায় লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য মর্গে পাঠানো হয়েছে। প্রতিবেদন পেলে মৃত্যুর সঠিক কারণ জানা যাবে। ঘটনাটির সার্বিক তদন্ত চলছে।

নগরীতে শ্রমিকদের দাপটে বন্ধ

নেওয়ার সিদ্ধান্তের দিকে যাচ্ছে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে। প্রায় পাঁচ দশক ধরে বরিশালে কর্মসংস্থান সৃষ্টি করে আসা একটি শিল্পপ্রতিষ্ঠান বন্ধ হয়ে গেলে এর সঙ্গে সরাসরি ও পরোক্ষভাবে যুক্ত বহু পরিবার ক্ষতির মুখে পড়বে বলে আশঙ্কা তৈরি হয়েছে।

১৪ সেপ্টেম্বর সোমবার সকালে ইন্দোবাংলা ফার্মাসিউটিক্যালসের প্রধান ফটকের সামনে সড়ক অবরোধ করে বিক্ষোভ করেন শ্রমিকদের একটি অংশ। বন্ধ কারখানা চালু ও শ্রমিকের বিরুদ্ধে অভিযোগ প্রত্যাহার সহ বিভিন্ন দাবিতে তারা এ কর্মসূচি পালন করেন। তাদের কর্মসূচিতে সংহতি জানান বাসদ নেত্রী ডা. মনীষা চক্রবর্তী। শ্রমিকদের ন্যায্য পাওনা ও অধিকার নিশ্চিত করার দাবিতে তিনি এখানে বক্তব্য দেন।

শ্রমিকদের দাবির বিষয়ে তাদের বক্তব্যের পাশাপাশি প্রতিষ্ঠানটির কর্মকর্তাদের অভিযোগও রয়েছে। তাদের ভাষ্য, বেতন-ভাতা নিয়ে কোনো সমস্যা থাকলে তা আলোচনার মাধ্যমে সমাধান করা সম্ভব। কিন্তু কর্মক্ষেত্রে কর্মকর্তাদের নির্দেশ অমান্য, কর্মকর্তাদের সঙ্গে দুর্ব্যবহার কিংবা শারীরিকভাবে আক্রমণের ঘটনা কোনোভাবেই মেনে নেওয়া যায় না।

কর্মকর্তাদের অভিযোগ অনুযায়ী, গত ১০ সেপ্টেম্বর সকালে উৎপাদন বিভাগের একজন শ্রমিককে কাজের নির্দেশ দেওয়া হলে তিনি সংশ্লিষ্ট জুনিয়র উৎপাদন কর্মকর্তার সঙ্গে খারাপ আচরণ করেন। একপর্যায়ে ওই কর্মকর্তাকে মারধর করা হয়। এ ঘটনায় সংশ্লিষ্ট কর্মকর্তা বরিশাল কোতোয়ালি মডেল থানায় লিখিত অভিযোগ করেন।

থানায় দেওয়া অভিযোগে ওই কর্মকর্তা উল্লেখ করেন,‘কাজের নির্দেশ দেওয়ার পর সংশ্লিষ্ট শ্রমিক তার সঙ্গে উগ্র আচরণ করেন এবং এক পর্যায়ে তাকে মাথায় আঘাত করেন। এতে তাঁর মাথা ফুলে নীল হয়ে যায়। অন্য কর্মচারীরা এগিয়ে না এলে আরও বড় ধরনের ক্ষতি হতে পারত বলেও অভিযোগে উল্লেখ করা হয়েছে। ঘটনার পর কারখানা কর্তৃপক্ষ সংশ্লিষ্ট শ্রমিককে কারণ দর্শানোর নোটিশ দেয়। কিন্তু কর্মকর্তাদের অভিযোগ, এর পরও পরিস্থিতির উন্নতি হয়নি। বরং ১০ থেকে ১২ জন শ্রমিক কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করে অভিযুক্ত শ্রমিককে কারখানার ভেতরে নিয়ে যান।

এর পরদিন ১১ সেপ্টেম্বর ইন্দোবাংলার ৩৫ জন কর্মকর্তা ব্যবস্থাপনা পরিচালকের কাছে লিখিত অভিযোগ দেন। সেখানে তাঁরা বলেন, শ্রমিকদের একটি অংশের আচরণের কারণে স্বাভাবিক কর্মপরিবেশ নষ্ট হয়েছে। কোনো শ্রমিককে কাজের বিষয়ে কিছু বললে তারা একত্রিত হয়ে কাজ বন্ধ করে দেন। এতে কারখানায় চেইন অব কমান্ড কার্যকর করা যাচ্ছে না এবং স্বাভাবিক উৎপাদন বজায় রাখা কঠিন হয়ে পড়েছে। কর্মকর্তারা ওই ঘটনার সুষ্ঠু বিচার এবং কারখানায় নিরাপদ ও স্বাভাবিক কর্মপরিবেশ ফিরিয়ে আনার দাবি জানান। তাদের বক্তব্য, একজন কর্মকর্তাকে দায়িত্ব পালনের সময় আক্রমণের অভিযোগের পরও যদি কার্যকর ব্যবস্থা না নেওয়া হয়, তাহলে ভবিষ্যতে কারখানায় দায়িত্ব পালন করাই কঠিন হয়ে পড়বে।

পরিস্থিতি আরও জটিল হলে ১২ সেপ্টেম্বর থেকে শ্রমিকদের একটি অংশ কর্মবিরতি শুরু করে। অন্য শ্রমিকদের কাজে প্রবেশে বাধা দেওয়ারও অভিযোগ ওঠে তাদের বিরুদ্ধে। এর পরিপ্রেক্ষিতে কারখানা কর্তৃপক্ষ ১৩ সেপ্টেম্বর কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের বরিশাল কার্যালয়ে লিখিতভাবে বিষয়টি জানায়।

অধিদপ্তরে দেওয়া চিঠিতে উল্লেখ করা হয়েছে-কিছু শ্রমিকের কর্মকাণ্ডের কারণে উৎপাদন ও রপ্তানি কার্যক্রম ব্যাপকভাবে ব্যাহত হচ্ছে। একজন জুনিয়র অফিসারের সঙ্গে শ্রমিকের অনাকাঙ্ক্ষিত ঘটনার পর কর্মকর্তারা লিখিত অভিযোগ করেছেন। পরবর্তী সময়ে শ্রমিকদের কর্মবিরতি ও অন্যদের কাজে বাধা দেওয়ার কারণে কারখানার নিরাপত্তার স্বার্থে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত কারখানা বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের পরিদর্শক শাহাবুদ্দিন গতকালকের পরিস্থিতি পর্যবেক্ষন করেছেন বলে জানান। তিনি শ্রমিক ও কর্তৃপক্ষের বক্তব্য শুনেছেন। তাদের বক্তব্যের মূল বিষয় ছিল-শ্রমিকদের বেতন-ভাতাসহ ন্যায্য অধিকার যেমন নিশ্চিত করতে হবে, তেমনি কর্মক্ষেত্রে শৃঙ্খলা ও আইন মেনে চলার বিষয়টিও নিশ্চিত করা জরুরি। উভয় পক্ষের বক্তব্য যাচাই করে পরিস্থিতি সমাধানে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার বিষয়টি গুরুত্ব পেয়েছে। তিনি বলেন, এখন মালিক ও শ্রমিক উভয় পক্ষ যদি চায় তবে এটি সমাধানে আমরা এগিয়ে আসতে পারি ।

শ্রমিকদের সঙ্গে থাকা ডা. মনীষা চক্রবর্তী তার বক্তব্যে শ্রমিকদের নিয়োগপত্র নিশ্চিত করা, পাওনা টাকা পরিশোধ না করে প্রতিষ্ঠান বন্ধ করে দেয়া কোন নীতিতে পড়ে বলে প্রশ্ন তোলেন এবং শ্রমিকদের অধিকার নিয়ে তাদের আন্দোলন বলে জানান। বেতন বকেয়া থাকলে তা পরিশোধের উদ্যোগ নিতে হবে। শ্রমিকদের ওপর কোনো ধরনের অন্যায় বা হয়রানি হলে তারা তার প্রতিবাদ করবেন বলেও তিনি জানান। তবে সড়ক অবরোধ করে জনভোগান্তি তৈরি ও তাকে ঘীরে শ্রমিকদের উশৃঙ্খল আচরণ বৃদ্ধি পাচ্ছে বলে অভিযোগের কোনো উত্তর দেননি তিনি।

এদিকে প্রতিষ্ঠানটির কর্মকর্তারা বলছেন, শ্রমিকদের বেতন বকেয়া থাকার বিষয়টি যদি সত্য হয়, সেটির সমাধান অবশ্যই প্রয়োজন। কিন্তু বেতন পাওয়ার দাবির সঙ্গে কর্মক্ষেত্রে সহিংসতা বা কর্মকর্তার ওপর হামলার অভিযোগকে এক করে দেখার সুযোগ নেই। তাদের মতে, কোনো অভিযোগ থাকলে আইনগত ও প্রাতিষ্ঠানিক প্রক্রিয়ায় তার সমাধান হওয়া উচিত।

ইন্দোবাংলা ফার্মাসিউটিক্যালসের ব্যবস্থাপনা পরিচালক এ এফ এম আনোয়ারুল হক সাব্বির বলেন, বরিশালে দীর্ঘদিন ধরে প্রতিষ্ঠানটি সুনামের সঙ্গে কাজ করছে। ৩৫ জন কর্মকর্তা ছাড়াও শতাধিক শ্রমিকের কর্মসংস্থানের সঙ্গে কারখানাটি জড়িত। ফলে এটি শুধু একটি ব্যবসা প্রতিষ্ঠান নয়, বহু পরিবারের জীবন-জীবিকার সঙ্গে যুক্ত একটি প্রতিষ্ঠান।

প্রতিষ্ঠানটির কর্মকর্তারা জানান, প্রতিষ্ঠার পর থেকে শ্রমিকদের বেতন-মজুরির পাশাপাশি বিভিন্ন সুযোগ-সুবিধা দেওয়া হয়েছে। বিভিন্ন সময়ে শ্রমিকদের মধ্যে খাবার ও পোশাক বিতরণসহ নানা কল্যাণমূলক কার্যক্রমও পরিচালনা করা হয়েছে। তাদের দাবি, শ্রমিকদের স্বার্থ বিবেচনায় নিয়েই এতদিন প্রতিষ্ঠানটি পরিচালিত হয়েছে।

বরিশালে শিল্পপ্রতিষ্ঠানের সংখ্যা এমনিতেই সীমিত। কর্মসংস্থান সৃষ্টির ক্ষেত্রে নগরীতে বড় ধরনের শিল্পকারখানা খুব বেশি নেই। এমন বাস্তবতায় একটি পুরোনো ওষুধ কারখানা বন্ধ হয়ে গেলে তার প্রভাব শুধু বর্তমান শ্রমিক-কর্মকর্তাদের মধ্যেই সীমাবদ্ধ থাকবে না; স্থানীয়ভাবে সরবরাহকারী, পরিবহন, প্যাকেজিংসহ বিভিন্ন সংশ্লিষ্ট পেশার মানুষও পরোক্ষভাবে ক্ষতিগ্রস্ত হতে পারেন। এ কারণে শ্রমিকদের বেতন-ভাতা নিয়ে অভিযোগ থাকলে তা দ্রুত যাচাই করে সমাধান এবং একই সঙ্গে কর্মকর্তাকে মারধরের অভিযোগসহ কর্মক্ষেত্রে শৃঙ্খলা ভঙ্গের ঘটনাগুলোরও নিরপেক্ষ তদন্ত জরুরি বলে মনে করছেন সংশ্লিষ্টরা।

কারণ বিরোধের সমাধান না করে ইন্দোবাংলা ফার্মাসিউটিক্যালস যদি বরিশাল থেকে কার্যক্রম গুটিয়ে নেয়, তাহলে ক্ষতি হবে শুধু একটি প্রতিষ্ঠানের নয়, হারাবে দীর্ঘদিনের একটি স্থানীয় শিল্পভিত্তি এবং কর্মসংস্থানের একটি গুরুত্বপূর্ণ ক্ষেত্র।

আগৈলঝাড়ায় সাবেক উপজেলা

ও সহযোগী সংগঠনের নেতা-কর্মীরা অংশ নেয়। পরে এ ঘটনায় থানায় সন্ত্রাসবিরোধী আইনে মামলা করা হয়। সেই মামলায় অজ্ঞাত আসামি হিসেবে আব্দুর রইচ সেরনিয়াবাতকে গ্রেপ্তার দেখানো হয়েছে। আগৈলঝাড়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ মাসুদ খান জানান, কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ নেতা আব্দুর রইচ সেরনিয়াবাতকে সন্ত্রাসবিরোধী আইনের একটি মামলায় গ্রেপ্তার দেখিয়ে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।

গৌরনদীতে ৩২টি প্রাথমিক বিদ্যালয়ের

উপদেষ্টা জহির উদ্দিন স্বপন। তাঁর উদ্বোধনের মধ্য দিয়ে গৌরনদীতে ‘একজন শিক্ষার্থী, একটি বৃক্ষ’ কর্মসূচির আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়। কর্মসূচির দ্বিতীয় পর্যায়ে জেলা প্রশাসক মোঃ মামুন খন্দকার গৌরনদী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৫০০ শিক্ষার্থীর মধ্যে বৃক্ষের চারা বিতরণ করেন। শিক্ষার্থীদের হাতে চারা তুলে দিয়ে তিনি তাদের নিজ নিজ বৃক্ষের পরিচর্যা ও সংরক্ষণের দায়িত্ব পালনে উৎসাহিত করেন। তৃতীয় পর্যায়ের আজকের ৫ হাজার চারা বিতরণের মধ্য দিয়ে কর্মসূচিটি আরও বিস্তৃত পরিসরে এগিয়ে গেল। উপজেলা প্রশাসনের উদ্যোগে পরিচালিত এ কর্মসূচির মূল লক্ষ্য শুধু চারা বিতরণ নয়; বরং প্রতিটি শিক্ষার্থীকে একটি বৃক্ষের ‘অভিভাবক’ হিসেবে গড়ে তোলা। কর্মসূচির আওতায় প্রতিটি চারার জন্য থাকবে একটি স্বতন্ত্র নম্বর। ওই নম্বরের সঙ্গে নির্দিষ্ট শিক্ষার্থী, বিদ্যালয় ও গাছের প্রজাতির তথ্য যুক্ত থাকবে। প্রতিটি বিদ্যালয়ে সংরক্ষণ করা হবে ‘একজন শিক্ষার্থী, একটি বৃক্ষ’ রেজিস্টার। সেখানে শিক্ষার্থীর নাম, শ্রেণি, রোল, গাছের নাম, বৈজ্ঞানিক নাম, রোপণের স্থান এবং গাছের বৃদ্ধি ও পরিচর্যার তথ্য লিপিবদ্ধ করা হবে। চারা বিতরণের পরই শেষ হবে না কার্যক্রম। প্রতিটি শিক্ষার্থীকে তার বরাদ্দকৃত গাছের ‘বৃক্ষ অভিভাবক’ হিসেবে দায়িত্ব পালন করতে হবে। অভিভাবকের সহযোগিতায় উপযুক্ত স্থানে চারা রোপণ, নিয়মিত পানি দেওয়া, আগাছা পরিষ্কার এবং গবাদিপশু ও অন্যান্য ক্ষতি থেকে গাছকে রক্ষা করতে হবে। প্রয়োজন অনুযায়ী সার ও অন্যান্য পরিচর্যার ব্যবস্থাও করবে শিক্ষার্থী। কর্মসূচির বিশেষ দিক হলো, শিক্ষার্থীদের শুধু গাছ লাগানো নয়, নিজের গাছ সম্পর্কে জানতেও উৎসাহিত করা। প্রত্যেক শিক্ষার্থীকে তার গাছের আঞ্চলিক নাম, প্রমিত বাংলা নাম, বৈজ্ঞানিক নাম, ফলজ বা ঔষধি গুণ এবং পরিচর্যার নিয়ম জানতে হবে। এর মাধ্যমে বৃক্ষরোপণ কার্যক্রমটি ব্যবহারিক পরিবেশ শিক্ষার একটি অংশে পরিণত হবে। চারা রোপণ ও পরিচর্যায় কারিগরি সহায়তা দেবে উপজেলা কৃষি অফিস। সংশ্লিষ্ট ব্লক সুপারভাইজারদের মাধ্যমে শিক্ষার্থীদের গর্ত প্রস্তুত, মাটি ও জৈবসারের ব্যবহার, পানি প্রয়োগ, আগাছা দমন, গাছের সুরক্ষা এবং রোগবালাই ও পোকামাকড়ের প্রাথমিক ব্যবস্থাপনা সম্পর্কে প্রয়োজনীয় পরামর্শ দেওয়া হবে। প্রতিটি শিক্ষার্থীর বৃক্ষকে মাসিক ভিত্তিতে সর্বোচ্চ ১০ নম্বরে মূল্যায়ন করার পরিকল্পনা রয়েছে। গাছের সুস্থতা, নিয়মিত পরিচর্যা, বৃদ্ধি, গাছের পরিচয় ও বৈজ্ঞানিক নাম জানা, ফলজ বা ঔষধি গুণ সম্পর্কে জ্ঞান, গাছের সুরক্ষা এবং সহপাঠীদের বৃক্ষরোপণে উৎসাহিত করার বিষয়গুলো মূল্যায়নের আওতায় থাকবে। ১২ মাসে সর্বোচ্চ ১২০ নম্বরের ভিত্তিতে হবে বার্ষিক মূল্যায়ন। বছর শেষে প্রতিটি বিদ্যালয়ে সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত শিক্ষার্থীকে ‘বিদ্যালয়ের সেরা বৃক্ষপ্রেমী’ হিসেবে নির্বাচিত করার পরিকল্পনা রয়েছে। সেরা শিক্ষার্থীকে সনদ, বিশেষ পুরস্কার এবং বৃক্ষচারা বা বাগান কিট দেওয়ার উদ্যোগ নেওয়া হবে। পরবর্তী সময়ে উপজেলা পর্যায়েও ‘গৌরনদীর সেরা বৃক্ষপ্রেমী শিক্ষার্থী’ নির্বাচনের পরিকল্পনা রয়েছে। উপজেলা প্রশাসনের সার্বিক সমন্বয়ে কর্মসূচিতে সহযোগিতা করছে উপজেলা কৃষি অফিস, উপজেলা শিক্ষা অফিস, সংশ্লিষ্ট প্রাথমিক বিদ্যালয়, শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকেরা। জেলা প্রশাসনের পক্ষ থেকে কর্মসূচির জন্য প্রয়োজনীয় চারা সরবরাহ করা হচ্ছে।

ডেঙ্গু প্রতিরোধে বাউফল উপজেলা

ময়লা-আবর্জনা পরিষ্কার করেন এবং ডেঙ্গুর প্রজননস্থল হতে পারে–এমন জায়গা পরিষ্কার-পরিচ্ছন্ন করেন। এ সময় নেতাকর্মীরা ডেঙ্গু প্রতিরোধে বাড়ির আঙিনা, শিক্ষাপ্রতিষ্ঠান ও আশপাশের পরিবেশ পরিষ্কার রাখা এবং কোথাও পানি জমে থাকতে না দেওয়ার আহ্বান জানান। ছাত্রদল নেতারা বলেন, ডেঙ্গু প্রতিরোধে শুধু সরকারি উদ্যোগই যথেষ্ট নয়; সাধারণ মানুষকেও নিজ নিজ অবস্থান থেকে সচেতন হয়ে পরিচ্ছন্নতা কার্যক্রমে অংশ নিতে হবে। এ ধরনের সামাজিক ও জনসচেতনতামূলক কার্যক্রম অব্যাহত রাখার প্রত্যয় ব্যক্ত করেন তারা।

রাসায়নিক মিশ্রিত ৭০০ কেজি পোয়া

উপস্থিত ছিলেন। জানা গেছে, সাদা পোয়া মাছকে কৃত্রিমভাবে লাল রং করতে ক্ষতিকর রাসায়নিক মেশানো হচ্ছিল। গোপন সংবাদের ভিত্তিতে বন্দরের পূর্ববাজার এলাকা থেকে প্রায় ৭০০ কেজি মাছ জব্দ করা হয়। পরে জব্দ করা মাছ নয়াভাঙনী নদীর তীরে মাটিচাপা দেওয়া হয়। জ্যেষ্ঠ উপজেলা মৎস্য কর্মকর্তা মো. আবুল বাশার জানান, রাসায়নিক রং মেশানো মাছ জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকর। এ ধরনের মাছ বাজারজাতকরণ রোধে অভিযান পরিচালনা করা হয়েছে। বিকেলে আটক ব্যক্তিকে ৫০ হাজার টাকা অর্থদণ্ড করা হয়েছে।

ফেরি থেকে নদীতে

বঙ্গোপসাগরগামী একটি ফিশিং ট্রলারের মাঝি। স্থানীয় ও প্রত্যক্ষদর্শীরা জানান, কচা নদীর টগরা ঘাট থেকে ছেড়ে আসা ফেরিটি চরখালী ঘাটে পৌঁছানোর আনুমানিক ৫০ থেকে ১০০ ফুট আগে বাবুল মাঝি নদীতে পড়ে যান বাবুল। এসময় তিনি ফেরির সামনের দিকে রেলিংয়ের ওপর বসে ছিলেন। হঠাৎ করে অসাবধানতাবশত নদীতে পড়ে যাওয়ার পর মুহূর্তেই নদীর তীব্র স্রোতে ভেসে নিখোঁজ হন। খবর পেয়ে ভাণ্ডারিয়া থানা পুলিশ ও ফায়ার সার্ভিস অ্যান্ড সিভিল ডিফেন্সের একটি দল ঘটনাস্থলে পৌঁছে স্থানীয় স্বেচ্ছাসেবকদের সহযোগিতায় উদ্ধার অভিযান শুরু করে। তবে নদীতে প্রবল স্রোত থাকায় উদ্ধারকাজ ব্যাহত হয়। ভাণ্ডারিয়া ফায়ার স্টেশনের অফিসার আব্দুস সোবহান জানান, খবর পাওয়ার পরপরই ফায়ার সার্ভিসের একটি দল ঘটনাস্থলে পৌঁছে উদ্ধার কার্যক্রম শুরু করে। নদীতে প্রবল স্রোতের কারণে প্রাথমিকভাবে উদ্ধারকাজ ব্যাহত হয়। বরিশাল থেকে ডুবুরি দল এসে উদ্ধার অভিযান পরিচালনা করবে। ভাণ্ডারিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) দেওয়ান জগলুল হাসান জানান, খবর পেয়ে পুলিশ সদস্যরা দ্রুত ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি পরিদর্শন করে। সর্বশেষ খবর পাওয়া পর্যন্ত নিখোঁজ বাবুল মাঝির কোনো সন্ধান পাওয়া যায়নি। তাকে উদ্ধারে অভিযান অব্যাহত রয়েছে। এ ঘটনায় প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলছে।

মেহেন্দিগঞ্জে নবাগত জেলা

অতিথির বক্তব্যে তিনি উপজেলার সার্বিক উন্নয়ন, আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নয়ন এবং জনগণের প্রশাসনিক সেবা প্রাপ্তি সহজীকরণের ওপর বিশেষ গুরুত্ব আরোপ করেন। সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট ফাহিম হাসান খান, উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ চন্দ্র শেখর বসু, মেহেন্দিগঞ্জ থানার অফিসার ইনচার্জ (ওসি) মমিন উদ্দিন, উপজেলা বিএনপির আহ্বায়ক গিয়াসউদ্দিন দিপেন, মেহেন্দিগঞ্জ প্রেসক্লাবের সভাপতি আব্দুর রাজ্জাক ও অন্যান্য সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন। মতবিনিময় সভায় উপজেলার বিদ্যমান নানা সমস্যা, উন্নয়ন পরিকল্পনা ও জনসেবার মান বৃদ্ধির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

রাজাপুরে অস্বাস্থ্যকর পরিবেশে

আকনকে ২০ হাজার টাকা এবং মক্কা মদিনা বেকারির মালিক মো. জলিল আকনকে ১০ হাজার টাকা জরিমানা করা হয়। ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা গেছে, দুটি বেকারিতেই অস্বাস্থ্যকর পরিবেশে বিভিন্ন খাদ্যপণ্য উৎপাদন করা হচ্ছিল। এ কারণে সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইন অনুযায়ী অর্থদণ্ড দেওয়া হয়। স্থানীয় সূত্রে জানা যায়, হান্নান আকন ও জলিল আকন আপন দুই ভাই। তারা রাজাপুর উপজেলার শুক্তাগড় ইউনিয়নের কাঠিপাড়া এলাকার বাসিন্দা মো. দেলোয়ার আকনের ছেলে। সহকারী কমিশনার (ভূমি) মো. শামীম রেজা সজিব বলেন, অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্যপণ্য উৎপাদন জনস্বাস্থ্যের জন্য ঝুঁকিপূর্ণ। নিরাপদ খাদ্য নিশ্চিত করতে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে। আইন অমান্য করে অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্যপণ্য উৎপাদন করলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

রাজাপুরে ইয়াবাসহ আটক

দেওয়া হয়। দণ্ডপ্রাপ্ত ব্যক্তিরা হলেন উত্তর মনোহরপুর এলাকার মো. আনোয়ারের ছেলে মো. রিপন ও জাইলাবাড়ি এলাকার মৃত সিদ্দিক হাওলাদারের ছেলে রাজু আহমেদ। ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন রাজাপুর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মো. শামীম রেজা সজীব। উপজেলা প্রশাসন সূত্রে জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে উপজেলার মনোহরপুর এলাকায় মাদকবিরোধী অভিযান চালিয়ে মো. রিপনের কাছ থেকে ৫০টি এবং রাজু আহমেদের কাছ থেকে ২টি ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়। পরে ভ্রাম্যমাণ আদালতে মো. রিপনকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে ১ বছরের বিনাশ্রম কারাদণ্ড ও ১০ হাজার টাকা অর্থদণ্ড দেওয়া হয়। অর্থদণ্ড অনাদায়ে তাকে আরও ৭ দিনের বিনাশ্রম কারাদণ্ড ভোগ করতে হবে। অপরদিকে, রাজু আহমেদকে ৩ মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ১ হাজার টাকা অর্থদণ্ড দেওয়া হয়। অর্থদণ্ড অনাদায়ে তাকে আরও ১ দিনের বিনাশ্রম কারাদণ্ড দেওয়া হয়। সহকারী কমিশনার (ভূমি) মো. শামীম রেজা সজীব বলেন, মাদকের বিরুদ্ধে উপজেলা প্রশাসনের অভিযান ও ভ্রাম্যমাণ আদালতের কার্যক্রম অব্যাহত থাকবে। মাদক সমাজ ও তরুণ প্রজন্মকে ধ্বংসের দিকে ঠেলে দেয়। তাই মাদকদ্রব্যের সঙ্গে জড়িতদের বিরুদ্ধে আইন অনুযায়ী কঠোর ব্যবস্থা নেওয়া হবে। মাদকমুক্ত রাজাপুর গড়তে প্রশাসনের পাশাপাশি স্থানীয় জনগণকেও সহযোগিতা করার আহ্বান জানান তিনি।

আরও চড়া দামে এলএনজি

সংগ্রহ প্রক্রিয়ায় পাঁচ কার্গো এলএনজি কেনার প্রস্তাব অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। এর মধ্যে দুই কার্গো আমদানির অনুমোদন দেওয়া হয়। প্রস্তাব অনুযায়ী, ৯ থেকে ১০ অক্টোবর সময়ের জন্য ৫২তম কার্গো, ১২ থেকে ১৩ অক্টোবরের জন্য ৫৩তম কার্গো, ১৪ থেকে ১৫ অক্টোবরের জন্য ৫৪তম কার্গো, ১৫ থেকে ১৬ অক্টোবরের জন্য ৫৫তম কার্গো ও ২৭ থেকে ২৮ অক্টোবরের জন্য ৫৬তম কার্গো এলএনজি কেনা হবে। এর মধ্যে ৫২তম কার্গোর জন্য যুক্তরাজ্যের টোটালএনার্জিস গ্যাস অ্যান্ড পাওয়ার লিমিটেডকে সুপারিশকৃত দরদাতা হিসেবে উল্লেখ করা হয়েছে। এ কার্গোর একক দর প্রতি এমএমবিটিইউ ২৮ দশমিক ৯৫ মার্কিন ডলার। আর ৫৬তম কার্গোর জন্য সিঙ্গাপুরের ভিটাল এশিয়া পিটিই লিমিটেডকে সুপারিশ করা হয়েছে। এ কার্গোর একক দর প্রতি এমএমবিটিইউ ২৯ দশমিক ৭৯৫ মার্কিন ডলার। এছাড়া সরাসরি ক্রয় প্রক্রিয়ায় দুই কার্গো এলএনজি কেনার জন্য যুক্তরাষ্ট্রের ডারাব ইনকরপোরেটেডের প্রস্তাবও সভায় অনুমোদনের জন্য সুপারিশ করা হয়। এ প্রস্তাবে একক দর নির্ধারণ করা হয়েছে প্রতি এমএমবিটিইউ ১৭ মার্কিন ডলার। প্রতিষ্ঠানটিকে সুপারিশকৃত দরদাতা হিসেবে উল্লেখ করা হয়েছে। অন্যদিকে, যুক্তরাষ্ট্রের মাইন্ড মিঙ্গল এলএলসির কাছ থেকে সরাসরি ক্রয় প্রক্রিয়ায় আরও দুই কার্গো এলএনজি কেনার প্রস্তাব দেওয়া হয়। এ ক্ষেত্রে একক দর প্রতি এমএমবিটিইউ ১৯ মার্কিন ডলার। মাইন্ড মিঙ্গল এলএলসিকেও সুপারিশকৃত দরদাতা হিসেবে উল্লেখ করা হয়েছে। অর্থাৎ আন্তর্জাতিক কোটেশন সংগ্রহ প্রক্রিয়ায় দুই কার্গো এবং সরাসরি ক্রয় প্রক্রিয়ায় চার কার্গো মিলিয়ে মোট ছয় কার্গো এলএনজি কেনার প্রস্তাব সভায় অনুমোদনের জন্য সুপারিশ করা হয়। এর আগে গত ২ সেপ্টেম্বর প্রতি এমএমবিটিইউ ২৮ দশমিক শূন্য ৩ মার্কিন ডলারে এলএনজি কেনার সিদ্ধান্ত নেওয়া হয়। তার এক সপ্তাহ আগে ২৪ আগস্ট অনুষ্ঠিত সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে প্রতি এমএমবিটিইউ ২৪ দশমিক ৬৩ মার্কিন ডলারে এলএনজি কেনার অনুমোদন দেওয়া হয়। তারও এক সপ্তাহ আগে প্রতি এমএমবিটিইউ ২৩ দশমিক ৯৩ মার্কিন ডলারে এলএনজি কেনার সিদ্ধান্ত নেওয়া হয়। অথচ গত বছরের ডিসেম্বরেও প্রতি এমএমবিটিইউ এলএনজি সাড়ে ১০ ডলারে নিচে কিনতে পেরেছিল সরকার। অর্থাৎ কয়েক মাসের ব্যবধানে এলএনজির দাম বেড়ে প্রায় তিনগুণ হয়ে গেছে।

এফিডেভিট

আমার দাখিল পরীক্ষার রেজিস্ট্রেশন নম্বর- ৯২০৯, রোল নম্বর- ২৩৯৯৬, পাসের সন-১৯৮৬, শিক্ষাবর্ষ- ১৯৮৪-৮৫ এর রেজিস্ট্রেশন কার্ড, প্রবেশপত্র, নম্বরপত্র ও মূল সনদপত্রে আমার নাম ভুলবশত মোঃ ইসহাক আলী (MD. ESAHAQUE ALI) ও পিতার নাম আজাহার আলী মোল্লা (AZAHAR ALI MOLLA) লেখা হয়েছে। প্রকৃতপক্ষে আমার নাম মোঃ ইসহাক আলী (MD. ISHAK ALI) ও পিতার সঠিক নাম হবে মোঃ আজাহার আলী মোল্লা (MD AZAHAR ALI MOLLA) লিখতে হবে। এমর্মে গত ১৪/০৯/২০২৬ ইং তারিখ ঝালকাঠি সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে এফিডেভিট করা হয়েছে। যার নম্বর- ৬৮৫।

মোঃ ইসহাক আলী
(MD. ISHAK ALI)
নলছিটি, ঝালকাঠি

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ মঙ্গলবার ॥ ১৫ সেপ্টেম্বর ২০২৬ ॥ ০২ আশ্বিন ১৪৩৩

ভেনেজুয়েলার মতো ইরানের তেল দখল করার ইঙ্গিত ট্রাম্পের

কীর্তনখোলা ডেস্ক
ইরানে যুক্তরাষ্ট্রের সামরিক অভিযান দীর্ঘায়িত করা ও দেশটির তেল থেকে আয় করার সম্ভাবনার কথা বলেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। এক্ষেত্রে ভেনেজুয়েলার বিশাল তেলসম্পদের এক-পঞ্চমাংশের নিয়ন্ত্রণ নেওয়ার বিষয়ে ৩ এর পাতায় দেখুন

বাংলাদেশে ইলিশ রপ্তানি করল ভারত দুই মাসে এলো ৫০০ টন

কীর্তনখোলা ডেস্ক
বাংলাদেশের ঘাটতি পূরণে ভারত থেকে বড় পরিমাণে ইলিশ রপ্তানি হয়েছে। গত দুই মাসে প্রায় ৫০০ টন ইলিশ বাংলাদেশে পাঠিয়েছে ভারত। আগামী কয়েক সপ্তাহে আরও ১৫০ থেকে ২০০ টন ইলিশ রপ্তানি হতে পারে বলে ৩ এর পাতায় দেখুন

কোতোয়ালি মডেল থানা পরিদর্শন করেন পুলিশ কমিশনার আবু রায়হান মুহাম্মদ সালেহ্ -কীর্তনখোলা

ইন্দোবাংলা ফার্মাসিউটিক্যালস বন্ধে শ্রমিকদের দূষলেন কর্তৃপক্ষ

কীর্তনখোলা রিপোর্ট
শ্রমিকদের একাংশের আন্দোলন, কর্মকর্তাদের কর্মবিরতি ও পাল্টাপাল্টি অভিযোগে অচল হয়ে পড়েছে বরিশালের দীর্ঘদিনের ওষুধ উৎপাদনকারী প্রতিষ্ঠান ইন্দোবাংলা ফার্মাসিউটিক্যালস লিমিটেড। মামলা তুলে নেওয়া ও মাত্র একমাসের বেতন বকেয়া থাকার অভিযোগ তুলে শ্রমিকদের একটি অংশ এখানে আন্দোলন করছে। এদিকে প্রতিষ্ঠানটির কর্মকর্তাদের অভিযোগ, বেতন পাওয়ার দাবির আড়ালে কর্মক্ষেত্রে শৃঙ্খলা ভেঙে পড়েছে এবং বরিশালের বাসদ নেত্রীর প্রত্যক্ষ মদদে উশৃঙ্খল আচরণ করছে শ্রমিকরা। তারা কর্মকর্তাদের নির্দেশ অমান্য, অসৌজন্যমূলক আচরণ এমনকি একজন জুনিয়র কর্মকর্তাকে মারধরের ঘটনাও ঘটিয়েছে। সেই মামলা তুলে নিতেই তাদের এই আন্দোলন বলে অভিযোগ করেন ইন্দোবাংলা ফার্মাসিউটিক্যালসের কর্মকর্তারা। এসব ঘটনায় ক্ষুব্ধ ইন্দোবাংলা মালিক পক্ষ। তারা এরই মধ্যে প্রতিষ্ঠানটির বরিশালে কার্যক্রম গুটিয়ে ৩ এর পাতায় দেখুন

সপ্তাহের ব্যবধানে বেড়েছে সব ধরনের সবজির দাম

কীর্তনখোলা রিপোর্ট
বরিশালে সপ্তাহের ব্যবধানে বেড়েছে সব ধরনের সবজির দাম। প্রতি কেজি সবজির দাম ১০ থেকে ৩০ টাকা পর্যন্ত বেড়েছে। এর পাশাপাশি বেশ কিছুদিন ধরেই বিভিন্ন ধরনের মাছের দাম সাধারণ মানুষের নাগালের বাইরে। সোমবার (১৪ সেপ্টেম্বর) সকালে বরিশাল নগরীর বহুমুখী সিটি মার্কেট, পাইকারি সবজির বাজার ও পোর্ট রোড মাছের বাজার ঘুরে এমন চিত্র দেখা গেছে। পাইকারি সবজির বাজার ঘুরে দেখা গেছে, কাঁচামরিচ গত সপ্তাহে ৮০ টাকা পর্যন্ত বিক্রি হলেও এ সপ্তাহে ১১০-১২০ টাকা কেজি বিক্রি হচ্ছে। পটল গত সপ্তাহে ৬০ টাকা কেজি বিক্রি হলেও এ সপ্তাহে ৭০ থেকে ৮০ টাকা, টমেটো ১০০ থেকে ১২০, ঢেঁড়স ৫০ থেকে ৬০, চিচিঙ্গা ৬০ থেকে ৮০ ৩ এর পাতায় দেখুন

তথাকথিত সালিশের দুই দিন পর যুবতীর মৃত্যু

গৌরনদী প্রতিনিধি
বরিশালের গৌরনদীতে তথাকথিত বিচার বা সালিশের দুদিন পর গীতা রানী দাস (৩০) নামের এক যুবতীর রহস্যজনক মৃত্যু হয়েছে। পুলিশ মৃতের লাশ উদ্ধার করে সোমবার (১৪ সেপ্টেম্বর) সকালে ময়নাতদন্তের জন্য মর্গে পাঠায়। উপজেলার বাটাজোর ইউনিয়নের ঘেয়াঘাট গ্রামে এ ঘটনা ঘটে। নিহত গীতা রানী ঐ গ্রামের দিনমজুর গোপাল চন্দ্র দাসের মেয়ে। স্থানীয় সূত্র ও নিহতের স্বজনেরা জানান, একই এলাকার লক্ষণ শীলের ছেলে সঞ্জয় শীলের সঙ্গে দীর্ঘ দেড় বছর ধরে গীতা রানীর প্রেমের সম্পর্ক ছিল। পরবর্তীতে তাঁরা অনানুষ্ঠানিক বিয়ে করেন এবং দেড় মাস আগে গীতা একটি কন্যাসন্তানের জন্ম দেন। তবে সন্তান জন্ম নেওয়ার পর থেকে ৩ এর পাতায় দেখুন

ডেঙ্গু প্রতিরোধে

ভাণ্ডারিয়ায় ইমাম, পুরোহিতদের সমন্বয়ে সভা ও লিফলেট বিতরণ

ভাণ্ডারিয়া প্রতিনিধি
পিরোজপুরের ভাণ্ডারিয়া পৌরসভার উদ্যোগে গতকাল সোমবার সকালে পৌর অডিটরিয়ামে‘তিন মাসব্যাপি ডেঙ্গু প্রতিরোধ ও পরিচ্ছন্নতা অভিযান-২০২৬’ উপলক্ষে উপজেলার সকল ইমাম,মুয়াজ্জিন,খাদেম ও পরিহিতদের সমন্বয়ে সচেতনতা মূলক আলোচনা সভা এবং লিফলেট বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। ‘জমা পানি ফেলে দিন, পাত্রটি ঘষে পরিস্কার করুন, প্রয়োজনীয় পানি ঢেকে রাখুন,এডিস মশার বিস্তার রোধে আপনার বাড়ি বা কর্মস্থলের ভেতর ও চারপাশ পরিস্কার পরিচ্ছন্ন রাখুন এবং ডেঙ্গু প্রতিরোধে প্রতি শুক্রবার বাড়ি ঘর আঙ্গিনা করি পরিস্কার’এ প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে আলোচনা সভায় উপজেলা ৩ এর পাতায় দেখুন

রাজাপুরে অস্বাস্থ্যকর পরিবেশে বেকারি পণ্য উৎপাদন

রাজাপুর প্রতিনিধি
ঝালকাঠির রাজাপুরে অস্বাস্থ্যকর পরিবেশে কেক, রুটি, বিস্কুট ও পাউরুটি উৎপাদনের অভিযোগে দুটি বেকারির মালিককে ৩০ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত। সোমবার (১৪ সেপ্টেম্বর) বিকেল সাড়ে ৪টার দিকে উপজেলার নৈকাঠি বাজারে এ অভিযান পরিচালনা করা হয়। উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মো. শামীম রেজা সজিব ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন। অভিযানে আল মদিনা বেকারির মালিক মো. হান্নান ৩ এর পাতায় দেখুন

রাজাপুরে ইয়াবাসহ আটক দুইজনের কারাদন্ড

রাজাপুর প্রতিনিধি
ঝালকাঠির রাজাপুরে ৫২টি ইয়াবা বড়িসহ আটক দুই যুবককে বিভিন্ন মেয়াদে কারাদণ্ড ও অর্থদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। সোমবার (১৪ সেপ্টেম্বর) সকালে উপজেলার মনোহরপুর এলাকায় মাদকবিরোধী অভিযান চালিয়ে তাদের আটক করা হয়। পরে আদালতের মাধ্যমে মো. রিপনকে এক বছর এবং রাজু আহমেদকে তিন মাসের বিনাশ্রম কারাদণ্ড ৩ এর পাতায় দেখুন

ফেরি থেকে নদীতে পড়ে ট্রলার মাঝি নিখোঁজ

ভাণ্ডারিয়া প্রতিনিধি
পিরোজপুরের ভাণ্ডারিয়া উপজেলার চরখালী ফেরিঘাট এলাকায় কচা নদীতে চলন্ত ফেরি থেকে পড়ে বাবুল মাঝি (৩৫) নামে এক ট্রলার মাঝি নিখোঁজ হয়েছেন। রোববার (১৩ সেপ্টেম্বর) সন্ধ্যা ৬টার দিকে এ দুর্ঘটনা ঘটে। নিখোঁজ বাবুল মাঝি বাগেরহাট জেলার রামপাল উপজেলার মল্লিকেরবেড় গ্রামের মো. হারুন মোল্লার ছেলে। তিনি পেশায় ৩ এর পাতায় দেখুন

মেহেন্দিগঞ্জে নবাগত জেলা প্রশাসকের মতবিনিময় সভা

নুরে রাব্বি নাঈম, মেহেন্দিগঞ্জ
বরিশালের নবাগত জেলা প্রশাসক মো. মামুন খন্দকার মেহেন্দিগঞ্জ উপজেলায় সোমবার বেলা ১১টায় প্রথমে তিনি মেহেন্দিগঞ্জ পুলিশ স্টেশন পরিদর্শন করেন । পরবর্তীতে দুপুর ১২টায় উপজেলা পরিষদ মিলনায়তনে সরকারি কর্মকর্তা, রাজনৈতিক ব্যক্তিত্ব, বীর মুক্তিযোদ্ধা ও স্থানীয় সাংবাদিকদের সাথে এক বিশেষ মতবিনিময় সভায় মিলিত হন। ?উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রিয়াজুর রহমানের সভাপতিত্বে আয়োজিত এ সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা প্রশাসক মো. মামুন খন্দকার। প্রধান ৩ এর পাতায় দেখুন

রাসায়নিক মিশ্রিত ৭০০ কেজি পোয়া মাছ জব্দ, অর্ধলাখ টাকা অর্থদণ্ড

মুলাদী প্রতিনিধি
বরিশালের মুলাদীতে ভ্রাম্যমাণ আদালতের অভিযানে প্রায় ৭০০ কেজি ওষুধ মেশানো পোয়া মাছ জব্দ করা হয়েছে। পরে জব্দ করা মাছ মাটিচাপা দিয়ে ধ্বংস করা হয়। এ সময় মজিবুর রহমান নামের এক মাছ ব্যবসায়ীকে আটক করেছে প্রশাসন। সোমবার সকাল ১০টার দিকে মুলাদী বন্দরের পূর্ববাজার পুরাতন লঞ্চঘাট ও মুলাদী বন্দর সরকারি প্রাথমিক বিদ্যালয় এলাকায় এ অভিযান পরিচালনা করা হয়। অভিযানে নেতৃত্ব দেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট পরাগ সাহা। এ সময় জ্যেষ্ঠ উপজেলা মৎস্য কর্মকর্তা মো. আবুল বাশার ও মুলাদী থানা-পুলিশ ৩ এর পাতায় দেখুন

চাঁদাবাজি মামলায় স্বেচ্ছাসেবক দল নেতাসহ কারাগারে দুই

পাথরঘাটা প্রতিনিধি
বরগুনার পাথরঘাটায় চাঁদাবাজির মামলায় উপজেলা স্বেচ্ছাসেবক দলের সদস্যসচিব এনামুল হক ইমু ও শামীম ওরফে ‘ইয়াবা শামীম’কে গ্রেপ্তার করেছে পাথরঘাটা থানা-পুলিশ। রোববার দিবাগত গভীর রাতে পাথরঘাটার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে তাঁদের গ্রেপ্তার করা হয়। বিষয়টি নিশ্চিত করেছেন পাথরঘাটা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ আব্দুল আলীম। গ্রেপ্তারকৃত এনামুল হক ইমু পাথরঘাটা উপজেলা স্বেচ্ছাসেবক দলের সদস্যসচিব । অপর আসামি শামীম ওরফে ‘ইয়াবা শামীম’ কালমেঘা ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ডের লাকুরতলা গ্রামের মজিবুর মহরারের ছেলে। পাথরঘাটা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ আব্দুল আলীম বলেন, চাঁদাবাজির মামলায় তালিকাভুক্ত আসামি এনামুল হক ইমু (৩৮) ও শামীমকে (৩৫) গ্রেপ্তার করা হয়েছে। তাঁদের বিরুদ্ধে এর আগেও একাধিক মামলা রয়েছে। ওসি আরও বলেন, ইমুর পরিচালিত ট্রান্সপোর্ট অফিসে এর আগে অভিযান চালিয়ে ৩ এর পাতায় দেখুন

গৌরনদীতে ৩২টি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে গাছের চারা বিতরণ

গৌরনদী প্রতিনিধি
সবুজ বাংলাদেশ গড়ার প্রত্যয়ে প্রধানমন্ত্রীর পাঁচ বছরে ২৫ কোটি বৃক্ষ রোপণ কর্মসূচির সঙ্গে সমন্বয় করে বরিশালের গৌরনদীতে চলছে ব্যতিক্রমী উদ্যোগ ‘একজন শিক্ষার্থী, একটি বৃক্ষ’। শিক্ষার্থীদের হাতে বৃক্ষের চারা তুলে দেওয়ার পাশাপাশি প্রতিটি চারার দায়িত্ব তাদের হাতে অর্পণ করে গড়ে তোলা হচ্ছে পরিবেশসচেতন ও বৃক্ষবান্ধব একটি প্রজন্ম। এরই ধারাবাহিকতায় কর্মসূচির তৃতীয় পর্যায়ে গতকাল উপজেলার ৩২টি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যে ৫ হাজার ফলজ ও ঔষধি বৃক্ষের চারা বিতরণ করা হয়েছে। জেলা প্রশাসনের পক্ষ থেকে এসব চারা সরবরাহ করা হয়। পর্যায়ক্রমে উপজেলার প্রাথমিক বিদ্যালয়ের ১৫ হাজার শিক্ষার্থীর হাতে ১৫ হাজার চারা তুলে দেওয়ার পরিকল্পনা রয়েছে। এর আগে কর্মসূচির প্রথম পর্যায়ের উদ্বোধন করেন প্রধানমন্ত্রীর রাজনৈতিক ৩ এর পাতায় দেখুন

আগৈলঝাড়ায় সাবেক উপজেলা চেয়ারম্যান কারাগারে

আগৈলঝাড়া প্রতিনিধি
বরিশালের আগৈলঝাড়া উপজেলায় সন্ত্রাসবিরোধী আইনে সাবেক উপজেলা চেয়ারম্যান আব্দুর রইচ সেরনিয়াবাতকে (৭৩) গ্রেপ্তার করেছে পুলিশ। সোমবার দুপুরে উপজেলার গৈলা ইউনিয়নের সেরাল গ্রামের নিজ বাড়ি থেকে তাঁকে গ্রেপ্তার করা হয়। বিষয়টি নিশ্চিত করেছেন আগৈলঝাড়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ মাসুদ খান। আব্দুর রইচ সেরনিয়াবাত আগৈলঝাড়া উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান। এ ছাড়া তিনি কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের উপজেলা কমিটির সাবেক সাধারণ সম্পাদক ও জেলা শাখার সদস্য। পুলিশ জানায়, সম্প্রতি সেরাল গ্রামে জনগণের মনে আতঙ্ক এবং ভীতি সৃষ্টি করতে সড়কে মিছিলের প্রস্তুতি নেয়। এতে আব্দুর রইচ সেরনিয়াবাতসহ নিষিদ্ধ আওয়ামী লীগ ৩ এর পাতায় দেখুন



ডেঙ্গু প্রতিরোধে বাউফল উপজেলা ছাত্রদলের পরিচ্ছন্নতা অভিযান

বাউফল প্রতিনিধি
বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের কেন্দ্র ঘোষিত কর্মসূচির অংশ হিসেবে ডেঙ্গু প্রতিরোধে পটুয়াখালীর বাউফলে পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করা হয়েছে। বাউফল উপজেলা ছাত্রদলের উদ্যোগে বাউফল পৌর ও কলেজ শাখা ছাত্রদলের সমন্বয়ে বাউফল মডেল মাধ্যমিক বিদ্যালয়ের মাঠ ও আশপাশের এলাকায় এ পরিচ্ছন্নতা অভিযান পরিচালিত হয়। অভিযানে ছাত্রদলের নেতাকর্মীরা বিদ্যালয়ের মাঠ ও আশপাশের জমে থাকা ৩ এর পাতায় দেখুন

আরও চড়া দামে এলএনজি কিনছে সরকার, প্রতি ইউনিট ২৯.৭৯৫ ডলার

কীর্তনখোলা ডেস্ক
আরও চড়া দামে তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) কিনতে যাচ্ছেন সরকার। এবার আন্তর্জাতিক কোটেশন সংগ্রহ প্রক্রিয়ায় প্রতি এমএমবিটিইউ (মেট্রিক মিলিয়ন ব্রিটিশ থার্মাল ইউনিট) সর্বোচ্চ ২৯ দশমিক ৭৯৫ মার্কিন ডলার দরে কেনার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ২০২৬ সালের ৪৪তম সভায় এমন উচ্চ দামে এলএনজি কেনার অনুমোদন দেওয়া হয়েছে। অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরীর সভাপতিত্বে রোববার (১৩ সেপ্টেম্বর) অনলাইন প্ল্যাটফর্মে এই সভা হয়। এতে মোট তিনটি প্রস্তাব উপস্থাপিত হয়। সবই জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের। সভায়, আগামী অক্টোবর মাসে সরবরাহের জন্য দুই কার্গো এলএনজি কেনার প্রস্তাব অনুমোদনের জন্য সুপারিশ করে কমিটি। একই সঙ্গে সরাসরি ক্রয় প্রক্রিয়ায় আরও চার কার্গো এলএনজি কেনার দুটি প্রস্তাবও অনুমোদনের জন্য সুপারিশ করা হয়। সভায় পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫-এর বিধি ১০৫-এর উপবিধি ৩-এর (ক) অনুসরণে আন্তর্জাতিক কোটেশন ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ

চেম্বার:	চেম্বার:
এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে বাঁধ রোড, বরিশাল।	মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা	রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য: ০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫	সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯

বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল



প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com